অপর শরীরের দৃশ্যাদৃশ্যবস্তুর সংযোগবিষয় এবং সেই সকল কিপ্রকার এবং কিসের দ্বারা চালিত হয় ইহার নির্ণয়করণবিষয়ে কোন ধারাধরণোপযুক্ত তাহা অতিদুর্জ্ঞেয় যেহেতুক যেং প্রত্যেক ধারা ব্যবচ্ছেদকেরা প্রশংসা করিয়াছেন সেই সকলেতেই অনেক বাধা উপস্থিত হয়। এই মহাকলবৎ শরীরের মধ্যে যেং অংশ আছে তাহাতে একের উপর অন্যের পরস্পর নির্ভরপ্রযুক্ত এবং পরস্পর একের সহিত অন্যের অতিনৈকট্য সম্পর্ক প্রযুক্ত এবং প্রত্যেকের পরস্পর প্রভুত্বপ্রযুক্ত ভিন্নং করিয়া সে সকলের পৃথক্ং অংশের নির্ণয় সুবোধগম্য হইতে পারে না। আমার দিগের শরীর এক মহাকলের পৃথক্ং চক্রের ন্যায় ঐ শরীররূপ কলেতে কোন চক্র অগ্রগণ্য কোন চক্র পশ্চাদ্গণ্য তন্নির্ণয় করা যায় না এবং তাহাতে কোনো এক চক্র একাকী কার্য্যসম্পাদক নন্ এবং কেহ কাহারো অধীন নন্। অতএব আমরা শরীরমধ্যে যে কোনো অংশ ধরিয়া আরম্ভ করিতে চাহি সেইং অংশের পূর্ব্ববর্ত্তী কোনো এক বিষয় সর্ব্বদা উপস্থিত হয় যদ্বিষয় আমারদিগের জ্ঞাত হওয়া কর্ত্তব্য। তাহার উদাহরণনিমিত্তে আমরা যদ্যপি মস্তিষ্ক এবং শিরা ধরিয়া আরম্ভ করি তবে আমরা ত্বরায় জ্ঞাত হই যে হৃৎপিণ্ডব্যতিরেকে ঐ মস্তিষ্কের এবং শিরার প্রতিপালন হইতে পারে না। এবং যদি আমরা হৃৎপিণ্ড এবং শিরাপ্রভৃতি ধরিয়া নির্ণয়করণে প্রবৃত্ত হই তবে আমরা ত্বরায় জানিতে পাই যে ঐ মস্তিষ্ক এবং নাড়ীসকল ঐ হৃৎপিণ্ডেতে এবং অন্যং শিরাতে নিশ্চয় নির্ভর করে। অথবা যদ্যপি আমরা ওষ্ঠ ধরিয়া আহারপ্রবেশস্থানে আরম্ভ করিয়া ঐ আহারের

পথ ধরিয়া নির্ণয় করিতে বাঞ্ছা করি তবে যে অঙ্গের আমরা প্রথম দর্শন পাই সেই অঙ্গ দেখিয়া কহিতে পারি যে হৃৎপিণ্ড মস্তিষ্কব্যতিরিক্ত প্রতিপালিত হইতে পারে না। অতএব এই গ্রন্থের মধ্যে ব্যবচ্ছেদবিদ্যা এবং শরীরমধ্যে দৃশ্যাদৃশ্যবস্তু চালকবিদ্যা এই প্রকরণদ্বয় সংলগ্ন করিয়া প্রথমতঃ প্রত্যেক অংশের নির্ণয় করিয়া পরে তদংশ কিপ্রকার এবং কিসের দ্বারা চালিত হয় এরূপ নির্ণয় করিব।

# প্রথম খণ্ড।

## অস্থিবিদ্যা।

প্রথমতঃ অস্থি ব্যাখ্যা করি। অস্থি শরীরের প্রধানাধারস্থান এবং ঐ অস্থিদ্বারা শরীর আকার এবং দৃঢ়ত্বপ্রাপ্ত হন। কিন্তু পৃথক্ং অস্থির বিবরণবিষয়ে প্রবৃত্ত হওনের পূর্ব্বে ঐ অস্থি সকল কোন বস্তুতে নির্ম্মিত এবং সে সকলের পৃথক্ং সম্পর্ক এবং যেং বস্তুর সহিত সে সকলের নৈকট্যসম্পর্ক অর্থাৎ উপাস্থি এবং স্নায়ু এবং অস্থিত্বচ এবং মজ্জা এবং অস্থির সংযোগান্তর্গত বসাগ্রন্থি এইং সমস্ত প্রথমতঃ নির্ণয়করণ কর্ত্তব্য।

## প্রথম খণ্ডের প্রথমাধ্যায়।

### অস্থি এবং ঐ অস্থি সকলের সহিত যেং বস্তুর সম্পর্ক তন্নির্ণয়।

অস্থি কোন বস্তুহইতে উৎপন্ন তৎপ্রকরণ।

—০—

॥১॥ অস্থি অতিদৃঢ় এবং অতিকঠোর * এবং শ্বেতবর্ণ এবং অব্যথনীয়। শরীরের সমস্ত অংশের মধ্যে অস্থি সর্ব্বাপেক্ষা নিরেট এবং ঘন এবং ঐ অস্থিতে তাবৎ শরীরের অন্যাংশ সংলগ্ন এবং তদুপরি সর্ব্বশরীর নির্ভর করে।

॥২॥ ঐ অস্থিদ্রব্য সকল ব্যবচ্ছেদকেরা ত্রিধা কহিয়াছেন বিশেষতঃ ঐ অস্থির বহির্ভাগ যাহা যথার্থাস্থি এবং ঐ অস্থির ছিদ্রময়ভাগ এবং সে সকলের জালবৎ মধ্যস্থিত ত্বচ্। ঐ প্রথম কথিত বহির্ভাগ বহুপত্রদ্বারা নির্ম্মিত হইয়া অতিকঠোরদ্রব্যরূপে আছে। ঐ ছিদ্রময় ভাগ মধুর চাকের ন্যায় নির্ম্মিতপ্রযুক্ত ছিদ্রময় ভাগ বলিয়া প্রসিদ্ধ আছে। অস্থির মধ্যে যে ঐ ছিদ্রময় অংশ তাহা নলকাস্থির অগ্রভাগের প্রধানাংশ। অপর ঐ অস্থিমধ্যে স্থিত জালবদংশ তাহা তন্তুবিশিষ্ট এবং ঐ তন্তু জালের ন্যায় গ্রথিত। ঐ জালবদ্বস্তু নালিকাস্থি সকলের অন্তর্ভাগ হন।

॥৩॥ অপর করোট্যস্থির ন্যায় যেং অস্থি সে সকলের কেবল দুই অংশ আছে বিশেষতঃ পত্রযুক্তাংশ এবং অন্তঃস্থিত

* ষ্টীলুনামক চিকিৎসক কহিয়াছেন যে অস্থি সকল তেজআবহকাম্ল এবং চূর্ণ জনক মৃত্তিকা এই দুই পদার্থপ্রযুক্ত দৃঢ়ত্বপ্রাপ্ত হন।

জালবদংশ। ঐ জালবদংশ কপালাস্থি সকলের মধ্যস্থলস্থিত প্রযুক্ত ঐ কপালাস্থি পত্রদ্বয়েতে নির্ম্মিত এমন বোধ হয়। ঐ জালবদংশ অস্থির মধ্যে স্থিত হইয়া ঐ প্রধানাস্থিকে দ্বিপত্রবৎ করণ জন্যে ব্যবচ্ছেদকেরা তাহার দ্বিভেদক নাম দিয়াছেন।

॥ ৪ ॥ গাল্ল্যার্দ্দিনাম চিকিৎসক কহিয়াছেন যে আমি অস্থির মধ্যে ঐ অস্থির পত্রসংলগ্নকারী অনেক কীলকাকার * পদার্থ দেখিয়াছি। ঐ কথাদ্বারা তিনি এই বিষয় স্থাপিত করিতে চাহিলেন যে ঐ সকল কীলকাস্থি পৃথক্২ পত্রের গাত্রে স্থিত হইয়া সে সকলের সংযোগের হেতু হইয়াছেন ঐ বাক্য স্থাপনার্থে এই দৃষ্টান্ত দিয়াছেন যে অস্থি বৃক্ষত্বগ্বৎ নির্ম্মিত কেননা বৃক্ষের ত্বচেতে অনেক কীলকবদ্বস্তু আছে। কিন্তু সে যাহা হউক ঐ চিকিৎসকের মতেতে কিছু সার নাই এমত অনুমান হয়।

॥ ৫ ॥ কোন২ গ্রন্থকর্ত্তারা ইহা অনুভব করিয়াছেন যে অস্থির উপরিস্থিত ত্বচের পাটে২ সংমিলনদ্বারা অস্থি হয় অর্থাৎ ঐ পাট সমস্ত ক্রমে২ অস্থি ভাবপ্রাপ্ত হইয়া স্বয়ং অস্থি হয় যেরূপ বৃক্ষের ত্বগধস্থিত শ্বেতবর্ণ বস্তু দৃঢ়ত্বপ্রাপণদ্বারা কাষ্ঠত্বপ্রাপ্ত হয়। ঐ মত গ্রাহী দুহামেল্ নামে চিকিৎসক ঐ বাক্যস্থাপনার্থে এই২ পরীক্ষা করিয়াছেন। ঐ ব্যক্তি কতকগুলা পশু লইয়া আহারের মধ্যে২ তাহারদিগকে মঞ্জিষ্ঠার রস কতককাল খাওয়াইয়াছিলেন তাহাতে ঐ পশুরদিগের অস্থির মধ্যে এক পর্দ্দা শ্বেত এবং এক পর্দ্দা লালবর্ণ হইয়াছিল যে পশু যেমত মঞ্জিষ্ঠার রস কিম্বা স্বাভাবিক ভক্ষ্য আহার করিত। কিন্তু পরেতে দেৎলেফ্নামক চিকিৎসক

* ঐ গাল্ল্যার্দ্দিনামক চিকিৎসক চারিপ্রকার কীলক নির্ণয় করিয়াছেন। বিশেষতঃ খাড়া ও তেড়া ও মস্তকযুক্ত এবং বেঁকা।

কর্ত্তৃক ঐ পূর্ব্বকথিত চিকিৎসকের তাবৎ পরীক্ষা নিশ্চয় অপ্রমাণ হইয়াছে তাহাতে আমরা জানি যে অস্থির ত্বচ্ কিম্বা উপাস্থি মঞ্জিষ্ঠের রসেতে লালবর্ণ হয় না কিন্তু কেবল অস্থি লালবর্ণ হয়।

॥৬॥ ব্যবচ্ছেদকেরা অস্থির অবয়ব দুই অংশ করিয়াছেন বিশেষতঃ মধ্যভাগ এবং দুইদিগের অগ্রভাগ। প্রাচীন চিকিৎসকেরা অস্থির মধ্যভাগ [দিয়াফিসিস্] সংজ্ঞা করিয়াছেনে এবং দুইদিগের অগ্রভাগের [আপোফিসিস্] এবং [এপিফিসিস্] নাম দিয়াছেন বিশেষতঃ [আপোফিসিস্] অর্থাৎ অস্থির গাত্র হইতে উৎপন্ন অস্থিপ্রবর্দ্ধন। কিন্তু ঐ প্রবর্দ্ধন যদি অন্য কোন স্নায়ু বন্ধনদ্বারা অস্থি গাত্রের সহিত সংযুক্ত থাকে তবে [এপিফিসিস্] অর্থাৎ অস্থিতে সংলগ্নাস্থি। অনেক সংলগ্নাস্থি গর্ব্ভস্থ বালকের মধ্যে পৃথক্২ অস্থির ন্যায় বোধ হয় কিন্তু পরেতে ঐ সংলগ্নাস্থি সকল মূলাস্থির সহিত এক হয় কেননা যৌবনাবস্থায় সে সকল অস্থি শরীরের সহিত এইমত দৃঢ়রূপে সংযুক্ত হয় যে অস্থিহইতে সে সকলের ভেদ করা যায় না। কিন্তু অষ্টাদশ কিম্বা বিংশতি বৎসর বয়স্ক সময়ে কোন২ লোকেরদিগের অস্থির অগ্রভাগ সংলগ্নাস্থি ভাবে থাকে।

॥৭॥ অপর অস্থি সকলের পৃথক্২ প্রবর্দ্ধনের যেরূপ আকার এবং যে২ প্রয়োজন তৎকার্য্যানুসারে ব্যবচ্ছেদকেরা সে সকলের পৃথক্২ নাম দিয়াছেন। বিশেষতঃ যদ্যপি ঐ প্রবর্দ্ধন গোলাকার হয় তবে মুণ্ড কহেন এবং যদ্যপি অগ্রভাগে কিঞ্চিচ্চেপটা হয় তবে অর্ব্বুদ কহেন। তাহা ছাড়াও কোনো২ অস্থির প্রবর্দ্ধন শলাকার এবং স্তনাকার এবং কাকচঞ্চ্বাকারপযুক্ত শলাকাস্থি ও স্তনা

কারাস্থি ও চঞ্চ্বাকারাস্থি ইত্যাদি কহেন অন্যান্য অস্থিকে আল্যাকার এবং কণ্টকাকারাস্থি বলিয়া সংজ্ঞা করিয়াছেন। এইরূপ উর্ব্বস্থ্যু পরিস্থ প্রবর্দ্ধনদ্বয়ের তৎকার্য্যানুসারে [ত্রোখান্তর] নাম দিয়াছেন অর্থাৎ মাংসপেশী ক্রীড়নার্থক প্রবর্দ্ধন।

॥ ৮ ॥ অস্থির মধ্যে নিম্নতা ও প্রবর্দ্ধন আছে। অস্থির মধ্যে যেং রন্ধ্র আদ্যোপান্ত হয় ব্যবচ্ছেদকেরা সে সকলের ছিদ্র সংজ্ঞা করিয়াছেন কিন্তু যেং রন্ধ্র কেবল অস্থির বহির্ভাগে থাকে সে সকলের স্বস্বকার্য্যানুসারে প্রনালিকাছিদ্র ইত্যাদি নাম দিয়াছেন। নির্ণীতাস্থি সকলের নিম্নতার মধ্যে কোনং নিম্নতা অন্যাস্থির ক্রীড়নার্থিকা এবং ঐ সমস্ত নিম্নতা অতিগভীর হইলে চষক বলে কিম্বা ঈষদ্গভীর হইলে কপ বলে যেমন শ্রোণীফলক যেস্থানে উর্ব্বস্থির শিরোগ্রহণ করে তদ্রূপ কিম্বা যথা স্কন্ধদেশের অস্থি প্রগণ্ডদেশের অস্থিগ্রহণ করে তাদৃক্। ব্যবচ্ছেদকেরা যেং নিম্নতা নির্ণয় করিয়াছেন সে সকলেরে মধ্যে যেং নিম্নতা ক্রীড়ার্থিকা নহে অথচ ছিদ্রযুক্ত সে সকলের অবট সংজ্ঞা এবং অন্যঅন্য বৃহৎনিম্নতা যদ্যপি সে সকলের পার্শ্ব অত্যুচ্চ না হয় তবে সে সকলের খাতনাম দিয়াছেন। ঐ নিম্নতা যদ্যপি অল্পপ্রশস্ত হয় তবে সে সকলেকে সীতা কহেন কিন্তু যদি প্রশস্ত এবং কোণারহিত হয় তবে সে সকলেরও অবটবিশেষ সংজ্ঞা করিয়াছেন ঐ নিম্নতার মধ্যে কোনোং নিম্নতা অঙ্গুলীবচ্চিহ্ন অর্থাৎ পংককেতে অঙ্গুলীচালনদ্বারা যেরূপ নিম্নতা হয় তদ্রূপ চিহ্ন সংজ্ঞা করিয়াছেন।

## দ্বিতীয় প্রকরণ।

### অস্থির সন্ধিবিষয়।

॥ ১ ॥ এই প্রকরণ পুরাতন ব্যবচ্ছেদকেরা অতিবিস্তারিত করিয়া

ছেন কিন্তু আমরা সংক্ষেপ করিয়া সাধ্যানুসারে স্পষ্ট করিয়া অল্পেতে নির্ণয় করি।

॥২॥ কঙ্কালের মধ্যে যেং অস্থি আছে সে সকলের অগ্রভাগ অন্যান্য অস্থির সহিত সংমিলনার্থে অতিসুনির্ম্মিত হইয়াছে ঐ সংযোগকে সন্ধিবিদ্যা কহি।

॥৩॥ সন্ধি তিনপ্রকার বিশেষতঃ [দিয়ার্থ্রোসিস্] এবং [সিনার্থ্রোসিস্] এবং [আম্ফিয়ার্থ্রোসিস্] অর্থাৎ চলসন্ধি এবং অচলসন্ধি এবং উভয়পদার্থসন্ধি। প্রথমকথিত সন্ধিদ্বয় বহুধা বিশেষতঃ ॥১॥ ঐ চলসন্ধির [এনার্থ্রোসিস্] নাম ভেদ করিয়াছেন অর্থাৎ যখন গভীরচষকে বৃহন্মুণ্ড প্রবিষ্ট হয় যেমত উরু অস্থির শির শ্রোণীফলকাস্থির চষকে প্রবিষ্ট হয় তাদৃক্। ॥২॥ [আর্থ্রোদিয়া] অর্থাৎ যেমন গোলমুণ্ড অল্পগভীরচষকে প্রবিষ্ট হয় যথা প্রগণ্ডাস্থি স্কন্ধাস্থিতে প্রবিষ্ট হয় তাদৃক্। ॥৩॥ [গিংগ্লিমস্] অর্থাৎ কব্জার ন্যায় সংযোগ যথা জঙ্ঘার অস্থি উরুর অস্থিতে সংলগ্ন থাকে তাদৃক্। ঐ তিন প্রকার সন্ধির মধ্যে [এনার্থ্রোসিস্] এবং [আর্থ্রোদিয়া] জাতীয় সন্ধি সকল চতুর্দ্দিগে ক্রীড়া করে কিন্তু [গিংগ্লিমস্] জাতীয় সন্ধি কেবল নত এবং বিস্তারিত হয়।

॥৪॥ অচলসন্ধি সকল দ্বিধা ॥১॥ যেমন এক অস্থির কাণার দাঁত অন্যাস্থির দন্তেতে ক্রকচের ন্যায় প্রবিষ্ট হয় যথা উভয়পার্শ্বীয় কপালাস্থি তাদৃক্ ॥২॥ [গম্ফোসিস্] অর্থাৎ এক অস্থি অন্য অস্থির স্থালীতে যেমন স্থাপিত যথা দন্ত স্বস্বস্থালে স্থাপিত।

॥৫॥ [সিনার্থ্রোসিস্] এবং [দিয়ার্থ্রোসিস্] এই উভয় জাতীয় সন্ধির প্রকৃতি যেং সন্ধিগ্রহণ করে ব্যবচ্ছেদকেরা সেইপ্রকার সন্ধি সকলের [আম্ফিয়ার্থ্রোসিস] নাম দিয়াছেন যথা মেরুদণ্ডের

সন্ধি সকল তাদৃক্। ঐ সকল মেরুর অস্থি অতিদৃঢ়রূপে স্নায়ুদ্বারা পরস্পর বদ্ধ হইয়াও কতকং ক্রীড়াকরণে সমর্থ।

॥ ৬ ॥ [সিন্ফিসিস্] অর্থাৎ সংযোগসন্ধি যথা হনুদেশের অস্থি ত্বচযকে প্রবিষ্ট হইয়া থাকে তাদৃক্। ঐ হনুদেশের অস্থি গর্ব্ভস্থবালকেরদিগের মধ্যে দুই অস্থিতে কৃত কিন্তু যৌবনাবস্থায় ঐ দুই অস্থির সংলগ্নকারি উপাস্থি অস্থিত্বপ্রাপ্ত হওয়াতে ঐক্য হয়।

॥ ৭ ॥ যখন কোনো দুই অস্থি উপাস্থিদ্বারা সংযুক্ত থাকে তখন ব্যবচ্ছেদকেরা ঐ সংযোগের [সিন্খন্দ্রসিস্] নাম দিয়াছেন এবং যখন স্নায়ুদ্বারা সংলগ্ন থাকে তখন [সিনুরোসিস্] নাম দিয়াছেন।

—০—

## তৃতীয় প্রকরণ।

### উপাস্থির বিবরণ।

॥ ১ ॥ উপাস্থি শ্বেতবর্ণ এবং ঘন এবং স্নিগ্ধ এবং স্থিতিস্থাপক এবং স্নায়ুবৎ কোমল নন এবং অস্থিবৎ দৃঢ় নন অথচ তন্তুযুক্ত। ঐ উপাস্থির মধ্যে অন্য কোনো দ্রববস্তুপ্রক্ষেপদ্বারা ব্যবচ্ছেদকেরা কোনো নাড়ী অনুভব করিতে পারেন নাই। এবং যেং জন্তু মঞ্জিষ্ঠার রসদ্বারা প্রতিপালিত হইয়াছে তাহারদিগের উপাস্থির মধ্যে কোনো নাড়ী অনুভব হয় নাই।

॥ ২ ॥ ব্যবচ্ছেদকেরা ঐ উপাস্থিকে দ্বিধা নির্ণয় করিয়াছেন। ॥ ১ ॥ যে ভাগ অস্থির সহিত সংলগ্ন থাকে এবং ॥ ২ ॥ যাহা শরীরের অন্যং অংশেতে সংস্থিত। ঐ প্রথমকথিত ভাগ চলাস্থি সকলের অগ্রভাগ এবং তচ্চযকের অন্তর্ভাগ আচ্ছাদন করিয়া থাকে যেমন অস্থির সন্ধিমধ্যে। সকল সন্ধির মধ্যে উপাস্থির অতিপ্রয়োজন যেহেতুক উপাস্থি অতিচিক্বণ তাহাতে চলাস্থি সকলের ক্রীড়া

সুগম হয় কেননা অস্থি অস্থিতে সংলগ্ন থাকিলে সন্ধিক্রীড়া অসাধ্য। অপর ঐ উপাস্থিদ্বারা অন্যাস্থির সংযোগ হয় যথা ভগাস্থির সন্ধিতে হয় অথবা যথা পার্শ্বাস্থির সন্ধিতে ঐ উপাস্থি তদৈর্ঘ্য কারী হন।

॥ ৩ ॥ কৌমারাবস্থায় ঐ উপাস্থির মধ্যে অনেক উপাস্থি অস্থিত্ব প্রাপনপ্রযুক্ত ঐ উপাস্থি সকল ন্যূনসংখ্যক হয় তাহাতে বালকাবস্থাপেক্ষা যৌবনাবস্থাতে মনুষ্যের অস্থি ন্যূনসংখ্যক হয়।

॥ ৪ ॥ অপর দ্বিতীয় প্রকার উপাস্থি অথবা যাহা কোমলাংশে স্থিত যেপ্রকার গ্রীবার নলীতে আছে। সেই স্থানে ঐ উপাস্থির এইং কার্য্য তদ্দ্বারা শব্দ নির্গত হয় এবং মাংসপেশী সকলের অগ্রভাগ বদ্ধ থাকে।

—•—

## চতুর্থ প্রকরণ।

### অস্থিত্বচের বিস্তার।

॥ ১ ॥ অস্থিত্বচ অতিসূক্ষ্ম পর্দ্দাবৎ এবং অতিঘন এবং মধুচক্রাকার এবং সমস্ত অস্থি আচ্ছাদন করিয়া এক অস্থিহইতে অন্য অস্থিতে যায়। ঐ অস্থিত্বচ সকল রক্তনাড়ীতে এবং মেদনাড়ীতে লিপ্ত থাকে এবং শরীরের অন্যঅন্য নিকটবর্ত্তী অংশ হইতে তন্তুবৎ শিরাপ্রাপ্ত হয়। ঐ অস্থিত্বচ অস্থির সহিত অতি দৃঢ়রূপে সংলগ্ন থাকে এবং অতিস্নিগ্ধপ্রযুক্ত মাংসপেশী সকলের ক্রীড়া অত্যনায়াসে হয় এবং যেং নাড়ী অস্থিমধ্যস্থিত সে সকল তদ্দ্বরা প্রতিপালিত হয় এবং তদ্দ্বারাও অনুমান হয় যে অস্থির সন্ধি সকল দৃঢ়তাপ্রাপ্ত হয়। অস্থির অগ্রে যে স্থানে ঐ অস্থি

ত্বচ্ উপাস্থিকে আচ্ছাদন করে সেই ভাগ কোনোং ব্যবচ্ছেদকেরা অযথার্থরূপে অন্যত্বচ্ অনুমান করিয়া [পেরিখণ্ড্রিয়ম্] নাম দিয়াছেন এবং অস্থির অগ্রস্থিত ঐ উপাস্থির ত্বচ্ অন্যাস্থির ত্বচের সদৃশ জানিবেন। পরে যে স্থানে ঐ অস্থিত্বচ্ কপালাস্থি আচ্ছাদন করে সে স্থানে ব্যবচ্ছেদকেরা সে ত্বচের নাম পরিকপাল সংজ্ঞা করিয়াছেন।

।। ২ ।। প্রাচীন ব্যবচ্ছেদকেরা এবং তাহারদিগের পরে হাবর্স নামে ব্যবচ্ছেদক যেরূপ কহিয়াছেন তদ্রূপ অস্থির যে ত্বচ্ তাহা মস্তিষ্কত্বচ্ হইতে উৎপন্ন নন এবং কোনোং অর্ব্বাচীন গ্রন্থকর্ত্তারা যেরূপ অনুমান করিয়াছেন তদ্রূপ ঐ অস্থিত্বচ্ যখন নিরোগী তখন তাহা অস্থিত্বপ্রাপ্তিদ্বারা অস্থি হয় না।

।। ৩ ।। দন্তের যেং অংশ স্থালীর মধ্যে থাকে তাহা এবং যাহাতে স্নায়ুবন্ধন সংযুক্ত থাকে সেই সকল অংশ অস্থিত্বচ্রহিত।

—০—

## পঞ্চম প্রকরণ।

### মজ্জার নিদর্শন।

।। ১ ।। মজ্জা স্নিগ্ধ এবং তৈলবৎ এবং অস্থি সকলের ছিদ্রেতে পরিপূর্ণ থাকে। নলকাস্থিসকলের বড় নলীতে যে মজ্জা থাকে তাহা ঐ অস্থি সকলের ছিদ্রময় ভাগের মজ্জাপেক্ষা কিঞ্চিৎ দৃঢ়। ঐ নলকাস্থিসকলের নলিকাতে যে মজ্জা থাকে তাহা কিঞ্চিৎ পীতবর্ণ এবং বসাবৎ কিন্তু অস্থির শুষিরময় ভাগেতে যে মজ্জা থাকে তাহা অধিক দ্রব এবং রক্তবর্ণ। পণ্ডিতেরদের বিশেষং জ্ঞান করণেতে ঐ মজ্জার দুইপ্রকার বর্ণভেদ হইয়াছে কিন্তু উভয় প্রকারের এক স্বভাব তাহাতে উভয়ের সামান্য মজ্জা নাম দেওয়া উচিত কিন্তু কোনোং

গ্রন্থকর্ত্তারা কেবল বসাবৎ মজ্জাকে মজ্জা কহিয়াছেন এবং অন্য সকল মজ্জার রস সংজ্ঞা করিয়াছেন।

॥২॥ মজ্জা অতিসূক্ষ্ম স্ফটিকবর্ণত্বচেতে থাকে এবং ঐ ত্বচ্ অনেক রক্তনাড়ীতে প্রতিপালিত অধিকন্তু যেং নাড়ী অস্থিত্বচ্হইতে নির্গত হয় তৎকর্ত্তৃক। ঐ মজ্জার ত্বচ্ অস্থি সকলের ছিদ্রের অন্তর্ভাগের সহিত লিপ্ত থাকে এবং মজ্জাধারণার্থে ঐ ত্বচ্হইতে অনেক ক্ষুদ্রং বুদ্বুদ্ নির্গত হয় এবং ঐ বুদ্বুদ্সমূহ অস্থির মধ্যে জালবদ্বস্তু হইতে নির্গত তন্তুদ্বারা লুণ্ঠিত থাকে।

॥৩॥ অপর অস্থিত্বচ্হইতে যেং নাড়ী নির্গত হয় সে সকল ছাড়াও ঐ মজ্জার ত্বচ্ অন্যং স্থানহইতে অন্যং অনেক নাড়ীপ্রাপ্ত হয় এবং দীর্ঘাস্থি সকলের অগ্রভাগসমীপে ঐ সমস্ত নাড়ী ইতস্তত গমনকারিণী অনেকং শাখা ঐ ত্বচের সর্ব্বত্র প্রেরণ করে।

॥৪॥ অস্থি এবং তন্মজ্জাধার শুষিরগত অনেক [লিম্ফাতিক্] নামক নাড়ী আছে অর্থাৎ যেং নাড়ীদ্বারা মেদরস চালিত হয়। ঐ নাড়ীদ্বারা বসা যেরূপ নীত হয় তদ্রূপ মজ্জাও তদুৎপত্তিহইতে অধিক নীত হইতে পারে অতএব যেং ব্যক্তিরা দীর্ঘকালীন পীড়াদ্বারা মৃত্যুপ্রাপ্ত হয় তাহারদিগের অস্থিতে কেবল অত্যল্প মজ্জা থাকে।

॥৫॥ মজ্জাতে ছেদনাদিদ্বারা ব্যথা আছে না আছে অদ্যাপি পর্য্যন্ত ঐ বিষয়ে চিকিৎসকেরদিগের মধ্যে বিবাদ হইয়াছে। কিন্তু এই বিষয় আমরা নিশ্চয় জানি যে মজ্জার মধ্যে শিরা নাই তৎপ্রযুক্ত এবং মজ্জা যে প্রায় বসাবৎ তৎপ্রযুক্ত হালরনামক চিকিৎসক কহিয়াছেন যে মজ্জা অবথ্যনীয়। অপর অন্যপক্ষে দুবর্ণেনামক চিকিৎসক কহিয়াছেন যে ঐ মজ্জাতে আঘাতপ্রাপ্তিদ্বারা কোনো

এক জীবী বহুপীড়াপ্রাপ্ত হইয়াছিল। ঐ বিরোধে বুঝা যায় যে প্রাজ্ঞেরা ঐ মজ্জার এবং তদাধার জালবদ্ধবস্তুর ভেদ করে নাই। অতএব মজ্জা বসার ন্যায় মলমাত্রহওনপ্রযুক্ত এবং সজীববস্তুর ব্যবস্থা রাহিত্যপ্রযুক্ত আমরা নিশ্চয় ঐ মজ্জাকে অব্যথনীয় বস্তুর সমান গণনা করিতে পারি যথা ঘনীভূতশ্লেষ্মা কিম্বা যেমন অন্যং কোনো স্থলস্থিত ঘনীভূত দ্রব্য। কিন্তু মজ্জার ত্বচ্ নাড়ীময়প্রযুক্ত ি রোগসময়ে অত্যল্প ব্যথাযুক্ত হইলেও তথাপি সর্ব্বতোভাবে অব্যথনীয় নয়।

॥ ৬॥ পূর্ব্বকালে ব্যবচ্ছেদকেরা অনুভব করিয়াছিলেন যে মজ্জা অস্থির প্রতিপালনার্থে নির্ম্মিত হইয়াছে কিন্তু ঐ মত যে মিথ্যা ইহা এখন সর্ব্বত্র গৃহীত হইয়াছে এবং ইহা আমরা অনুভব করিতে পারি যে মাংসের প্রতি বসা যেরূপ তদ্রূপ অস্থির প্রতি মজ্জা। ঐ উভয় বস্তু জীবিশরীরের মধ্যে অবশ্য কোনো অত্যাবশ্যকাভিপ্রায়েতে নির্ম্মিত হইয়াছে কিন্তু সে সকলের বিশেষকার্য্য ব্যবচ্ছেদকেরা অদ্যাপি সুস্পষ্টরূপে জ্ঞাত নন্। মজ্জার তৈলবদ্দ্রব্য বাষ্পের ন্যায় কঙ্কালহইতে নির্গতপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে তাহাতে অস্থি সুখভেদ্য হন। এবং হাবর্স্নামক চিকিৎসক অস্থির উপর অনেক গ্রন্থ রচনা করিয়া ঐ মজ্জার গমনাগমনের প্রত্যেক ছিদ্রের নির্ণয় দিয়াছেন এবং সে ছিদ্রসকলকে অনুলম্বা এবং অনুপ্রস্থ ছিদ্র বলিয়া নির্ণয় করিয়াছেম। তিনি কহিয়াছেন যে দীর্ঘছিদ্র সকল অস্থির মূলাবধি অগ্রপর্য্যন্ত আছে এবং অনুপ্রস্থ ছিদ্রদ্বারা মজ্জা দীর্ঘছিদ্রেতে গমনাগমন করে। ঐ সমস্ত ছিদ্র দণ্ডাস্থি সকলের অনুলম্ব এবং অনুপ্রস্থ বৃহৎছিদ্রের ন্যায় হওয়াতে এবং মজ্জা তৈলবৎ হইয়া কঙ্কালাস্থির ছিদ্র সকলের মধ্যদিয়া

বাষ্পের ন্যায় নির্গতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা অনুভব করিয়াছেন যে মজ্জার গমনাগমনের ঐপ্রকার কোনো একপথ অবশ্য থাকিতেপারে।

—০—

## ষষ্ঠ প্রকরণ।

### সন্ধির মধ্যস্থিত বসাগ্রন্থির নিদর্শন।

॥ ১ ॥ সন্ধির বসাগ্রন্থি সকল ক্ষুদ্রগুটিকাকার * এবং অতিশয় নাড়ীময় যে তাহাহইতে একপ্রকার নির্যাস নির্গত হয় ঐ রস সকল দ্বারা সন্ধির অস্থিরা স্বচ্ছন্দপূর্ব্বক ক্রীড়া করে। ঐ বসাগ্রন্থি সকল সন্ধির নিম্নস্থানেতে থাকে তাহাতে অস্থিক্রীড়াকালে সন্ধিস্থিত ঐ বসাগ্রন্থি সকল ভারাক্রান্ত হইয়া ঐ গ্রন্থিহইতে আবশ্যকানুসারে রস নির্গত হয়। যখন ঐ বসাগ্রন্থির রস অকুলন হয় কিম্বা গাঢ় হয় তখন সন্ধি সকল অচল হয় ঐ অচলসন্ধি সকলকে ব্যবচ্ছেদকেরা [আন্‌খিলোসিস্‌ বলিয়া সংজ্ঞা করিয়াছেন।

—০—

## সপ্তম প্রকরণ।

### বন্ধনীর নিদর্শন।

॥ ১ ॥ বন্ধনী শ্বেতবর্ণ এবং চক্‌চকীয়া এবং অস্থিতিস্থাপক এবং যৎকিঞ্চিৎ ঘন এবং চৌড়া কিম্বা স্থূল ঐ বন্ধনীদ্বারা অস্থি সকল সংলগ্ন থাকে। ঐ বন্ধিনী সকলের যথাকার এবং যথা কার্য্য তথা চিকিৎসকেরা পৃথক্ ২ নাম দিয়াছেন। সন্ধির বন্ধনী সকল গোলাকার কিম্বা কোষবৎ ঐ গোলাকার বন্ধনী সকল শ্বেতবর্ণ এবং স্নায়ুবৎ এবং অস্থিতিস্থাপক এবং কেবল জানু

---

* ইদানীন্তন ব্যবচ্ছেদকেরা এ বিষয়ে সন্দেহ করিয়া কহিয়াছেন যে সন্ধিস্থিত ঐ গ্রন্থি সকল কেবল বসামাত্র অতএব আমরা সে সকলের বসাগ্রন্থি সংজ্ঞা করিয়াছি।

এবং কঙ্কণেতে থাকে। কোষ অথবা উপকোষবৎ ঐ রজ্জনী কোষরূপে সন্ধির চতুষ্পার্শ্বে বেষ্টিত থাকে এবং যেপ্রকার সন্ধিতে অস্থি সকল চতুর্দ্দিগে ক্রীড়া করে সেইপ্রকার সন্ধিতে থাকে যথা স্কন্ধাস্থির এবং বাহ্বস্থির সন্ধিতে থাকে।

## অষ্টম প্রকরণ।

### নির্য্যাসাধারকোষনিদর্শন।

॥১॥ ঐ কোষবিষয় প্রাচীন চিকিৎসকেরা জ্ঞাত ছিলেন কিন্তু তাঁহারদিগের পরে মন্রোনামক চিকিৎসক অন্যং অনেক তাদৃক্ কোষের সন্ধান জ্ঞাত করাইয়াছেন এবং তিনি কহিয়াছেন যে ঐ কোষ সকল কেবল শরীরের হস্তপাদাঙ্গুল্যাদি প্রত্যঙ্গের সন্ধিতে থাকে এবং ঐ কোষ সকল স্নায়ুর এবং অস্থির মধ্যস্থানে স্নায়ুর অন্তঃপৃষ্ঠে সংলগ্ন থাকে। ঐ সমস্তকোষ ছাড়াও অন্যান্য অনেক কোষ কেবল স্নায়ুর অন্তর্ভাগে থাকে না কিন্তু বহির্ভাগেও থাকে এবং যেরূপে অস্থির এবং স্নায়ুর মধ্যভাগে থাকে তদ্রূপেও স্নায়ুর এবং শরীরের বহির্ভাগের মধ্যস্থানে থাকে।

॥২॥ ঐ কোষের কতকগুলি কেবল স্নায়ুর এবং শরীরের বহির্ভাগের মধ্যস্থিত আছে এবং কথকগুলি শরীরবহির্ভাগ নিকটস্থিত স্নায়ুর মধ্যে থাকে অথবা কেবল স্নায়ুর মধ্যে কিম্বা রজ্জনীর এবং অস্থিসন্ধির মধ্যে থাকে। অপর যে স্থানে অস্থি প্রবর্দ্ধন রজ্জনীর উপরে ক্রীড়া করে কিম্বা যে স্থানে এক অস্থি অন্যাস্থির উপর ক্রীড়া করে সেই সমস্ত স্থানেও ঐপ্রকার কোষ কতকগুলি দৃষ্ট হইয়াছে। এবং যে স্থানে দুই কিম্বা তিন স্নায়ু নিকটবর্ত্তিনী

থাকে কিন্তু পরেতে বহুপথগামিনী হয় সেই স্থানে যাহার সহিত ঐ কোষের এবং ঐ স্নায়ু সকলের রসের গমনাগমনপথ আছে তদ্রূপ বহুশাখাকৃত এক কোষ চিকিৎসকেরা দেখিতে পাইয়াছেন এবং কোনং স্থানে নিকটস্থিত স্নায়ুর এবং কোষ সকলের পরস্পর রস গমনাগমনের পথ আছে। নিরোগী বালকেরদিগের মধ্যে কখনং ঐ কোষ সকলের এবং অস্থিসন্ধির কূপের সে সকল রসের গমনাগমনের পথ আছে। এবং অনেক নিরোগী বৃদ্ধ লোকের মধ্যে অস্থি সকলের পরস্পর ক্রীড়াদ্বারা বা হউক কিম্বা ঘর্ষণদ্বারা বা হউক ঐ মন্রোনামক চিকিৎসক ঐপ্রকার সন্ধিকূপের এবং কোষের সহিত সংমিলিত অনেক গমনাগমনপথ দেখিয়াছেন।

॥ ৩ ॥ ঐ কোষ সকলের ত্বক্ অতিসূক্ষ্মা এবং অতিস্বচ্ছা কিন্তু ঘন এবং বায়ু কিম্বা অন্য কোনো দ্রবদ্রব্যধারণক্ষম ঐ কোষ সকল নিকটবর্ত্তিস্থানের সহিত সামান্যমধুকোষবত্ত্বক্দ্বারা সংযুক্ত আছে। ঐ কোষ এবং অস্থির মধ্যস্থানে উপাস্থির এক সূক্ষ্মপর্দ্দা অথবা দৃঢ় ত্বচের এক পর্দ্দা প্রায় সর্ব্বদা থাকে। ঐ কোষ সকলের উপরিস্থিত মধুকোষবত্ত্বচের সহিত বসাকোষ সর্ব্বদা সংযুক্ত থাকে কিন্তু যে স্থানে ঐ কোষ বহুক্রীড়াবশ্যক কোনো এক স্নায়ু কিম্বা উপাস্থি বা অস্থি আচ্ছাদন করে সেই স্থানে মধুকোষবত্ত্বক্ সংযুক্ত নয়।

॥ ৪ ॥ অনেকং স্থানে ঐ কোষের অগ্রভাগেতে আচ্ছাদিত কতক গুলি বসাপিণ্ড থাকে চিকিৎসকেরা ঐ সকল পিণ্ডকোষের প্রান্ত ভাগের দশাসংজ্ঞা করিয়াছেন।

॥ ৫ ॥ ঐ কোষের অন্তর্ভাগ তন্মধ্যে উৎপন্ন রসদ্বারা অতিচিক্কণ এবং পিচ্ছল।

## নবম প্রকরণ।

নির্যাসাধারকোষ সকলের আকার এবং সন্ধিমধ্যস্থিত উপকোষবদ্ধবন্ধনীসকলের তুল্যতা তুল্যতা নির্ণয়।

॥ ১ ॥ নির্যাসকোষ সকলের আকার এবং উপকোষবদ্ধবন্ধনী সকলের আকার অতিসমান। সে সকলের বিশেষ কহি ॥ ১ ॥ ঐ বন্ধনী সকলের উপকোষান্তঃস্থিতপর্দ্দা নির্যাসাধারকোষন্যায় অতি সূক্ষ্ম এবং গাঢ়। ॥ ২ ॥ ঐ বন্ধনী সকল বহিঃস্থিত বন্ধনীর সহিত সামান্য মধুকোষবত্ত্বা দ্বারা সংলগ্ন আছে। ॥ ৩ ॥ ঐ বন্ধনী সকলের এবং অস্থিমধ্যস্থানে উপাস্থির অথচ সন্ধির উপাস্থি সকলের কতকগুলি পত্র ব্যবধান আছে। ॥ ৪ ॥ অস্থির সন্ধির পার্শ্বে যে স্থানে এক অস্থি অন্যের সহিত ক্রীড়াকরণে স্পৃষ্ট হয় না সেই স্থানে বসাধারত্বচ্ মধুকোষবত্ত্বচের সহিত সংযুক্ত আছে। ॥ ৫ ॥ অস্থির সন্ধির কূপের মধ্যে তদাকার রক্তনাড়ীতে এবং দশাতে আচ্ছাদিত অনেক বসাগ্রন্থি দেখা যায়। ॥ ৬ ॥ জানুর সন্ধিতে স্থিত যে ঐপ্রকার বসাগ্রন্থি তদূর্দ্ধভাগের চিকিৎসকেরা তৎসন্ধির নির্যাসজনক বসাগ্রন্থি নাম দিয়াছেন এবং অধঃস্থিত যে ভাগ তাহা জঙ্ঘা এবং অস্থিবদস্থিসংযোগকারী বন্ধনীর পশ্চাদ্ভাগে স্থিত নির্যাস কোষমধ্যে প্রবিষ্ট হয়। ॥ ৭ ॥ যে দ্রববস্তু নির্যাসকোষেতে লিপ্ত থাকে তাহা সন্ধির মধ্যস্থিত অন্য রসসদৃশ এবং তদ্রূপ বর্ণ এবং তদ্রূপ গাঢ় এবং তদ্রূপ প্রকৃতিযুক্ত কেননা ঐ দুই স্থানের পৃথক্২ রস উষ্ণতাদ্বারা এবং ধাতুহইতে উৎপন্নাম্লতাদ্বারা এবং

সূরাদ্বারা বিকার প্রাপ্ত হয়। ॥ ৮ ॥ কোনোং স্থানে ঐ নির্য্যাস কোষের এবং অস্থিসন্ধির কূপের রসের পরস্পর নিত্য গমনাগমন পথ আছে এবং অন্যং স্থানে সামান্যরূপে গমনাগমন করে তাহাতে আমরা নিশ্চয় জানি যে ঐ দুইপ্রকার রসাংশ একাকৃতি।

॥ ২ ॥ সন্ধির এবং তন্মধ্যস্থিত নির্য্যাসকোষ সকলের বসাবদ্বস্তুর সহিত সংযুক্ত যে দশা সে সকলের চিকিৎসকেরা বসামধ্যস্থিত বসা গ্রন্থি প্রণালী অনুভব করিয়াছেন তাহা যখন আমরা অনুসন্ধান করি তখন ঐ দশামধ্যে কোনো গ্রন্থিবদ্বস্তু দেখা যায় না। অপর বসার উপরি এবং দশার উপরি স্থিত ত্বচেতে ইতস্তত গমনকারিণী অনেক নাড়ী দৃষ্ট আছে এবং ঐ দশাতে নির্য্যাসধারিণী অনেক প্রণালী আছে এবং সে সকলকে টিপিলে রস নির্গত হয় এই বিষয়ে আমারদিগের কোনো সন্দেহ নাই তথাপিও ঐ প্রণালী সকলের ছিদ্র এমত সূক্ষ্ম যে দৃশ্যবর্দ্ধক দূরবিণদ্বারাও দেখা যায় না। অতএব ঐ দশা সকল অন্য কিছু নয় কেবল প্রণালীমাত্র এবং ঐ দশা সকল মূত্ররজ্জুন্যায় বসাগ্রন্থির সাহায্যব্যতিরিক্ত একপ্রকার নির্য্যাসবৎ রস উৎপন্ন করে।

॥ ৩ ॥ সর্ব্ববিষয়ে যখন আমরা বিচার করিয়া দেখি তখন আমরা অনুমান করি যে বসা অতিসূক্ষ্ম অদৃশ্য নাড়ীর দ্বারা এবং দশার প্রণালীদ্বারা এবং বসাকোষের নাড়ীহইতে নির্গত তৈলবদ্বস্তুদ্বারা এবং অন্যং অনেক অজ্ঞেয় পথদ্বারা সন্ধির ক্রীড়ার্থে নির্ম্মিত হয়।

—০—

## দশম প্রকরণ।

### কঙ্কালের নিদর্শন।

॥ ১ ॥ শরীরমধ্যে স্বস্বস্থানে স্থিত সমস্ত শরীরের অস্থি সং

Imp 4336 dt-8/10/07
RARE BOOK

যোগ করিয়া কঙ্কাল সংজ্ঞা করি। ঐ কঙ্কালের পুতে২ অস্থি স্বস্ব বন্ধনদ্বারা বদ্ধ হইলে তাহাকে স্বপুকৃতি কঙ্কাল বলি কিন্তু ঐ কঙ্কালাস্থি সমস্ত অন্য কোনো দুব্য কিম্বা তারপ্রভৃতিদ্বারা সংযুক্ত হইলে তাহাকে কৃত্রিমকঙ্কাল বলি।

॥ ২ ॥ চিকিৎসকেরা কঙ্কালকে ত্রিধা করিয়াছেন। বিশেষতঃ মস্তক এবং গাত্র এবং হস্তপাদাদ্যুপাঙ্গ। ঐ অস্থি সকলের উপভাগ এইং ॥ ১ ॥ করোটি এবং মুখাস্থি। ॥ ২ ॥ গাত্রের অস্থি এইং কশেরুকা এবং পর্শুকা এবং বক্ষোস্থি এবং ভগাস্থি। ॥ ৩ ॥ উভয়পার্শ্বীয় হস্তদ্বয় অর্থাৎ অংসাস্থিদ্বয় এবং জত্রুদ্বয় এবং পুগণ্ডদ্বয় এবং পুকোষ্ঠদ্বয় এবং হস্তের উপাঙ্গ। ॥ ৪ ॥ চরণদ্বয়াস্থির মধ্যে ঊর্ব্বস্থিদ্বয় এবং জঙ্ঘাস্থিদ্বয় এবং পাদদ্বয়ের পুত্যঙ্গাস্থি।

## দ্বিতীয়াধ্যায়।

### তদধ্যায়ের পুথম পুকরণ।

#### মস্তকাস্থির নিদর্শন।

॥ ১ ॥ মনুষ্যের মস্তক প্রায় গোলাকার এবং যৎকিঞ্চিৎ ডিম্বাকার *। ঐ মস্তকের মধ্যে ললাটাস্থাবধি মস্তকের পশ্চাৎ কপা

* গর্ভস্থবালকেরদিগের পুত্যেক অস্থি পৃথক২পুযুক্ত এবং ঐ বালকেরদিগের মস্তকের মাংসপেশী সকলের বহকোইার অনাবশ্যকত্বপুযুক্ত কেহ২ অনুভব করিয়াছেন যে বালকের জন্মের পর পুথমে২ বাজীকদিগের পৃথক২ ব্যবহারপুযুক্ত মনুষ্যেরদিগের মস্তক নানাবিধাকার বিশিষ্ট হয়। বেলাজিয়মনামক নিঃ নানা জাতীয় লোক বিষয়ক গ্রন্থরচনা করিয়াছেন তিনি এইং দৃষ্টান্ত দিয়াছেন যে যাবনিক জাতীয়ের

শিরস্থ

লাস্থিপর্য্যন্ত তদ্ব্যাস অতিরিক্ত। চিকিৎসকেরা ঐ ব্যাসোর্দ্ধস্থিত অস্থির মূর্দ্ধাসংজ্ঞা এবং তম্মস্তকের পুরোভাগের মুখাংশসংজ্ঞা এবং তন্মুখোপরিস্থিত ভাগের ললাটসংজ্ঞা এবং তম্মস্তকের পার্শ্বভাগের শঙ্খসংজ্ঞা এবং তম্মস্তকের পশ্চাদ্ভাগের পশ্চাৎ কপালসংজ্ঞা এবং অধোভাগের মূলসংজ্ঞা করিয়াছেন।

॥২॥ চিকিৎসকেরা মস্তকের অস্থিকে দ্বিধা করিয়া নির্ণয় করিয়াছেন বিশেষতঃ করোটি এবং মুখাস্থি।

---

## দ্বিতীয়াধ্যায়ের প্রথম পর্ব্ব।

### করোট্যস্থির এবং মুখাস্থির নিদর্শন।

—o—

॥১॥ করোটিমধ্যে অষ্ট অস্থি আছে বিশেষতঃ ললাটাস্থি এবং উভয়পার্শ্বীয় কপালদ্বয় এবং পশ্চাৎকপাল এবং শঙ্খাস্থিদ্বয় এবং কুণ্যস্থি এবং ঝাঁঝরাস্থি।

॥২॥ ঐ কথিত অস্থির মধ্যে কেবল উভয়পার্শ্বীয়কপালদ্বয়কে এবং পশ্চাৎকপালাস্থিসকলকে চিকিৎসকেরা করোটির মধ্যে গণনা করিয়াছেন। মস্তকের অন্যান্য অস্থিকে ব্যবচ্ছেদকেরা করোটি এবং মুখাস্থি এই উভয়পদার্থ কহিয়াছেন।

॥৩॥ ঐ সমস্ত কথিত অস্থি উভয়পার্শ্বভাগাপেক্ষা মধ্যভাগে অতিদৃঢ় অতএব সে সকল দুইপত্রেতে নির্ম্মিত এবং ব্যবচ্ছেদকেরা ঐ মধ্যস্থিত ছিদ্রময়ভাগের দ্বিভেদকসংজ্ঞা দিয়াছেন।

---

দিগের উষ্ণীষবন্ধনাভ্যাসপ্রযুক্ত তাহারদিগের মস্তকোপরিভাগ কিঞ্চিদূর্দ্ধগত এবং ইংলণ্ডীয়েরদিগের মস্তক কিঞ্চিদ্বোপ্তা। কিন্তু বর্ত্তমানকালীন বহুপুত্রেরা যথার্থরূপে অনুভব করিয়াছেন যে কোনো অজ্ঞাত প্রকৃতির দ্বারা নানা বর্ণ মনুষ্যের মধ্যে নানা জাতীয়েরদিগের মস্তক নানা আকার ধারণ করে।

## একাদশ প্রকরণ।

### ললাটাস্থির নিদর্শন।

॥১॥ অন্যান্য অস্থিসকলের ন্যায় ঐ ললাটাস্থি কিরূপে নির্ম্মিত তদ্বিষয়ে এবং তৎপ্রবর্দ্ধনের এবং তন্নিম্নতাকূপছিদ্রপ্রভৃতির বিষয়ে এবং ঐ অস্থি অন্যান্য নিকটবর্ত্তি অস্থি সকলের সহিত কিরূপে সংলগ্ন হয় তদ্বিষয়ে আমরা নিদর্শন দিতেছি।

॥২॥ ঐ ললাটাস্থির আকার শুক্তিবৎ এবং বহিঃপার্শ্বে ন্যুব্জাকার এবং অন্তঃপার্শ্ব কিঞ্চিৎ উত্তান হইয়া মস্তিষ্কের প্রতি নত। ঐ অস্থি শঙ্খাস্থির সহিত যেং স্থানে সংলগ্ন সেইং স্থানে অতি পাতল এবং মধ্যবর্ত্তিদ্বিভেদক কোমলাংশরহিত এবং অক্ষিকূট নিকটবর্ত্তী যদংশ তাহাও অতিপাতল এতজ্জন্যে করবালদ্বারা কিম্বা অন্য কোনো তীক্ষ্ণাস্ত্রদ্বারা চক্ষুতে আঘাত হইলে তৎক্ষণাৎ মৃত্যু হয় যেহেতুক ঐ অস্ত্র ঐ অস্থি সকলের দুর্ব্বলাংশে প্রবিষ্ট হইয়া মস্তিষ্কমধ্যে প্রবিষ্ট হয় এবং শিরা সকলের মূলাংশ ভেদকরণদ্বারা কিম্বা কোন রক্তচালকনাড়ী ভেদকরণদ্বারা তৎক্ষণাৎ মনুষ্য মৃত্যুপ্রাপ্ত হয়।

॥৩॥ ঐ ললাটাস্থির বহিঃপার্শ্বে অনায়াসে দৃশ্য পঞ্চাস্থিশাখা ইত্যাদি আছে। ব্যবচ্ছেদকেরা ঐ প্রবর্দ্ধনের মধ্যে ললাটের অধঃস্থ এবং সুঁড়িভাগে স্থিত এক প্রবর্দ্ধনের নাসিকাপ্রবর্দ্ধন নাম দিয়াছেন যেহেতুক নাসিকাস্থি তৎপ্রবর্দ্ধনের উপর নির্ভর করে। ব্যবচ্ছেদকেরা অন্য চতুঃপ্রবর্দ্ধনের কোণাকার অথবা কোটরাস্থি সংজ্ঞা করিয়াছেন যেহেতুক ঐ প্রবর্দ্ধনসকলদ্বারা চক্ষুর

কোটর নির্ম্মিত হয়। ঐ উভয় কোটরে পুবর্দ্ধনদ্বয় স্থিত আছে সে সকলের মধ্যে এক পুবর্দ্ধন চক্ষুঃকোটরপ্রান্তভাগে এবং অন্য এক চক্ষুঃকোটরান্তর্ভাগে স্থিত তজ্জন্যে ঐ পুবর্দ্ধন সকলের কোণপুবর্দ্ধন নাম হইয়াছে। ঐ দুই পুবর্দ্ধনের মধ্যস্থিতভাগ খিলানাকৃতি এবং সেই খিলানের উপরিভাগে অক্ষিপুট আছে। ঐ ব্যবচ্ছেদকেরা ঐ খিলানের ন্যায় অস্থিকে কোটরের খিলান অথবা ভ্রূর আইল নাম দিয়াছেন ঐ অস্থি চক্ষুর রক্ষক হন। ঐ খিলানাকারাস্থির মধ্যে ললাটাস্থির নাড়ী এবং শিরা সকলের গমনার্থে ছিদ্র আছে। ঐ অস্থির খিলানে নাসিকানিকটবর্ত্তিস্থানেতে ভগ্নবৎ ঐ ভগ্নবৎ গর্ত্তেতে চক্ষুর বৃহত্বের্চা মাংসপেশির স্নায়ু বদ্ধ থাকে। ঐ উভয় ভ্রূর আইলের অধোভাগে মস্তকপশ্চাদ্ভাগগামি এক পত্র আছে ঐ পত্রের গোল সংজ্ঞা করিয়াছেন। ঐ পত্রের প্রান্ত এবং বহির্ভাগদ্বারা অশ্রুগ্রন্থিধারণার্থে এক অবট কৃত হইয়াছে। ঐ উভয় পার্শ্বস্থিত পত্ররবস্থির মধ্যে এক ফাঁক আছে ঐ ফাঁক ঝাঁঝরাস্থির ঝাঁঝরাবদংশেতে সম্পূর্ণ।

॥ ৪ ॥ ঐ ললাটাস্থির অন্তঃপার্শ্বে এবং তন্মধ্যভাগে আইলের মত নির্ম্মিত এক উচ্চ স্থান আছে ব্যবচ্ছেদকেরা ঐ আইলের কশেরুকাকার পুবর্দ্ধন সংজ্ঞা করিয়াছেন। ঐ আইল মস্তকের মধ্যে ঊর্দ্ধগামী হইয়া গমনদ্বারা ঐ অস্থির পার্শ্বদ্বয় দুই খাতের ন্যায় নির্ম্মিত হইয়াছে এবং ঐ দুই খাতের মধ্যে মস্তিষ্কের পুরোদলদ্বয় বাস করে। ঐ আইলের মধ্যে স্থিত এক উপআইলের সহিত দাত্র নামে মস্তিষ্কের ত্বচের অগ্রভাগ সংলগ্ন আছে ঐ দাত্রনামক ত্বচ্ মস্তিষ্কের দুই দলের মধ্যে লবিত্রের ন্যায় ব্যবধান আছে। ঐ

আইল ক্রমেং প্রশস্ত হইয়া ঐ ললাটাস্থির ঊর্দ্ধপশ্চাদ্ভাগে গমন করে এবং ঐ আইলেতে দাত্রনামক ত্বচ্ এবং অনুদৈর্ঘ্যপ্রণালী সংলগ্ন থাকে। ঐ দুই খাতব্যতিরিক্ত অঙ্গুলিকৃত চিহ্নস্বরূপ অন্যং অনেক নিম্নতা ঐ ললাটাস্থিতে আছে এবং ঐ নিম্নস্থান সকল মস্তিষ্কের ঊর্ম্মিমত্তাদ্বারা নির্ম্মিত হইয়াছে।

॥ ৫ ॥ গর্ব্ভস্থ বালকেরদের মধ্যে ললাটাস্থি অস্থিদ্বয়দ্বারা নির্ম্মিত তাহাতে বাণাকারসন্ধি পশ্চাৎকপালাবধি ঐ ললাটাস্থির মধ্যদিয়া নাসিকাপর্য্যন্ত যায়। ঐ ললাটাস্থি সর্ব্বস্থানে পত্রদ্বয়েতে এবং তন্মধ্যবর্ত্তি ছিদ্রভেদক নাম অংশেতে নির্ম্মিত। ঐ দুই পত্র চক্ষুর অধোভাগে মস্তকের পার্শ্বেতে বিভিন্ন হইয়া অবটদ্বয় হয় ব্যবচ্ছেদকেরা ঐ অবটদ্বয়ের ললাটাবটসংজ্ঞা করিয়াছেন। ঐ অবটের অন্তরা আচ্ছাদনকারিকা অতিকোমল শ্লেষ্মজনকত্বচ্ আছে তাহাতে ঐ অবটদ্বয়ের মধ্যে একপ্রকার শ্লেষ্মা উৎপন্ন হয় এবং ঐ শ্লেষ্মা অতিক্ষুদ্র ছিদ্রদ্বয়দ্বারা নাসিকাতে প্রবিষ্ট হইয়া নাসিকাকে নিত্য আর্দ্র রাখে।

॥ ৬ ॥ ঐ ললাটাস্থি অনুক্রকচসন্ধিতে মস্তকের অন্য অনেক অস্থির সহিত সংযুক্ত আছে। বিশেষতঃ উভয়পার্শ্বীয় কপালাস্থি এবং মাড়ির অস্থি এবং শঙ্খাস্থি এবং ঝাঝরাস্থি এবং কোণাস্থি এবং নখাকারাস্থি এবং ঘনাস্থি এই সকলের সহিত সংলগ্ন আছে। অপর যে অনুক্রকচসন্ধিতে ঐ ললাটাস্থি উভয় পার্শ্বীয় কপালাস্থির সহিত সংলগ্ন ব্যবচ্ছেদকেরা সে সন্ধির নাম মূর্দ্ধানুক্রকচসন্ধি করিয়াছেন।

## দ্বাদশ প্রকরণ।

### উভয়পার্শ্বীয় কপালাস্থিদ্বয়ের প্রকরণ।

॥ ১ ॥ উভয়পার্শ্বীয়কপালাস্থি দ্বিখণ্ড ঐ অস্থিদ্বয় অতিপাতলা এবং কোনোং স্থানে স্বচ্ছ। ঐ অস্থিদ্বয়ের আকার অসমান চতুষ্কোণবৎ এবং অধোভাগভিন্ন তিন কিনারায় কাঁকরকাটা। ঐ অস্থিদ্বয়েতে মস্তকের ঊর্দ্ধ্ব এবং পার্শ্বীয়াধিকাংশকৃত আছে তাহাতে ঐ অস্থিদ্বয় মস্তকের অধিকাংশকে খিলানন্যায় আচ্ছাদন করে। ঐ অস্থিদ্বয়ের অন্তঃপার্শ্ব দৃঢ়মাতৃকা নামে মস্তিষ্কত্বচসংলগ্ন নাড়ীর চিহ্নেতে অঙ্কিত আছে এবং ঐ অস্থি সকলের অন্তর্ভাগের ঊর্দ্ধ্বকিনারায় দৃঢ়মাতৃকের ঊর্দ্ধ্বং অনুদৈর্ঘ্যপ্রণালীগ্রহণকারিণী এক সীতা আছে।

॥ ২ ॥ উভয়পার্শ্বীয় কপালাস্থিদ্বয় বাণাকৃতিসন্ধিতে পরস্পর সংলগ্ন আছে এবং কোণাস্থি এবং শঙ্খাস্থি সকলের সহিত শল্কাকার সন্ধিতে সংলগ্ন আছে এবং পশ্চাৎকপালের সহিত লাম্‌দাকারসন্ধিতে সংলগ্ন আছে যেহেতুক ঐ সন্ধি লাম্‌দানামক অক্ষরাকার* এবং ললাটাস্থির সহিত মূর্দ্ধসন্ধিতে সংলগ্ন আছে।

॥ ৩ ॥ গর্ব্ভস্থবালকের মস্তকে ঐ উভয়পার্শ্বীয়কপালাস্থি সকল ললাটাস্থির মধ্যস্থানে ব্যাপ্ত অপ্রাপ্তাস্থিত্ববস্তুতে পূর্ণ হইয়া পৃথগ্ভাবে আছে।

---

* ঐ লাম্‌দাকার সংযোগ কখনং অত্যসমান যেহেতুক তাহা অনেক উপসংযোগেতে নির্ম্মিত এবং ঐ ক্ষুদ্রং সংযোগ অন্যান্য ক্ষুদ্র ত্রিকোণাস্থি বেষ্টিয়া থাকে। ঐ অস্থি সকলের ত্রিভুজসংজ্ঞা অযথার্থ রূপে দেওয়া গিয়াছে কেননা ঐ অস্থি সকল কখনং অন্যমূর্ত্তি ধারণ করে।

## ত্রয়োদশ প্রকরণ।

### পশ্চাৎকপালাস্থির নিদর্শন।

॥ ১ ॥ পশ্চাৎকপালাস্থিদ্বারা করোটির পশ্চাদ্ভাগ এবং অধোভাগকৃত হয় ঐ অস্থি চতুষ্কোণ এবং তৎপার্শ্বত্রয় ক্রকচাকার।

॥ ২ ॥ ঐ পশ্চাৎকপালের অধোভাগে বৃহচ্ছিদ্রনামক এক রন্ধ্র আছে ঐ ছিদ্রের মধ্যদিয়া মস্তিষ্কের দীর্ঘীভূতমজ্জাত্বচ্ মেরুদণ্ডেতে প্রবিষ্ট হয় এবং উপকারী নামে শিরা এবং মেরুদণ্ডের রক্তপ্রবাহিকানাড়ীসকল ঐ ছিদ্রদ্বারাও প্রবিষ্ট হয়। ঐ অস্থির পর্ব্বদ্বয়ের পশ্চাদ্ভাগে স্থিত ক্ষুদ্রছিদ্রদ্বয়দ্বারা গ্রীবাশিরা মস্তিষ্কের পার্শ্বস্থাবটেতে প্রবিষ্ট হয় এবং ঐ পর্ব্বদ্বয়ের ঊর্দ্ধভাগে অন্য দুই ছিদ্র আছে তদ্দ্বারা অষ্টমযুগলনামক শিরা এবং উপকারী শিরা সকল মস্তক হইতে শরীরে প্রবিষ্ট হয়। ঐ পশ্চাৎকপালাস্থির উভয়পার্শ্বে এবং বৃহচ্ছিদ্রের কিছু পুরোভাগে দুই প্রবর্দ্ধন আছে ঐ প্রবর্দ্ধনদ্বয় অণ্ডাকার এবং উপাস্থিতে আচ্ছাদিত।

॥ ৩ ॥ ঐ পশ্চাৎকপালাস্থির বহিঃপৃষ্ঠে অনুপ্রস্থগামী খিলানাকৃতি এক আলি আছে ঐ আলির অধোভাগে ঐ অস্থি অত্যস্ত নানাকারপ্রযুক্ত অনেক মাংসপেশী তাহাতে বদ্ধ হইয়া থাকে। ঐ পশ্চাৎকপালাস্থির অন্তঃপৃষ্ঠ দেখিলে আমরা বজ্রাকার আলিদ্বয় দেখিতে পাই তাহার এক আলি ঐ বৃহচ্ছিদ্রাবধি পশ্চাৎকপালাস্থির ঊর্দ্ধভাগপর্য্যন্ত গমন করে ঐ আলির ঊর্দ্ধভাগ শূন্য তাহাতে দাত্রাকৃতিমস্তিষ্কত্বচ্ বদ্ধ থাকে এবং ঊর্দ্ধস্থ অনুদৈর্ঘ্য প্রণালী বাস করে এবং ঐ আলির অধোভাগেতে দৃঢ়মাতৃক

নামে মস্তিষ্কত্বচের তৃতীয়পুবর্দ্ধন বদ্ধ থাকে। অপর অন্য আলি অনুপুস্থ পুণালীধারণার্থে শূন্য। বজ্রাকার আলিদ্বারা অধো এবং ঊর্দ্ধ্বভাগে গর্ত্তাকার স্থানচতুষ্টয় কৃত আছে তাহার মধ্যে ঊর্দ্ধ্বস্থিত দুই গর্ত্তেতে মস্তিষ্কের পশ্চাৎ দল থাকে এবং অধোভাগের দুই গর্ত্তেতে মৃদুমাতৃকের দল সকল বাস করে।

॥ ৪ ॥ মস্তকাস্থির অধোভাগে কোণাকারপুবর্দ্ধন দেখা যায় ঐ অস্থির পুরোভাগস্থিতবৃহদস্থি শাখাসংজ্ঞা দেওয়া গিয়াছে ঐ পুবর্দ্ধন কশেরুকার দীর্ঘীভূতমজ্জাকে গ্রহণ করে।

॥ ৫ ॥ ঐ পশ্চাৎকপালাস্থি করোটির অন্যং সকল অস্থ্যপেক্ষা পুরু এবং শক্ত কিন্তু অসমান এবং অধোভাগে যে স্থানে ঐ অস্থি অন্য সকল স্থানহইতে পাতল সেই স্থানে অনেক মাংসপেশীতে আচ্ছন্ন আছে।

॥ ৬ ॥ মনুষ্য পশ্চাৎকপালাস্থির ভাগে পড়িলে কিম্বা ঐ ভাগের উপর অন্য কোনো বস্তুদ্বারা আহত হইলে ঐ পশ্চাৎকপালাস্থ্যবচ্ছেদে অন্যাস্থ্যপেক্ষা মস্তকে অধিক মর্ম্মান্তিক পীড়া প্রাপ্ত হয় তজ্জন্যে ঐ অস্থি যে স্থানে অন্যস্থানাপেক্ষা মর্ম্মান্তিক ঘাতপ্রাপ্ত হইতে পারে এমন যে তদূর্দ্ধ্বভাগ তাহা অতিদৃঢ়তর রূপে কৃত হইয়াছে।

॥ ৭ ॥ ঐ পশ্চাৎকপালাস্থি উভয়পার্শ্বস্থকপালাস্থি সকলের সহিত লাম্‌দানামক অক্ষরাকারসন্ধিতে সংযুক্ত আছে এবং শঙ্খাস্থিসমূহের সহিত ঐ শঙ্খাস্থিসন্ধিসংলগ্নকারি উপাস্থিদ্বারা সংলগ্ন আছে এবং কোণাস্থিসমূহের সহিত ঐ কুণ্ডাকারপুর

র্দ্ধনদ্বারা সংলগ্ন আছে। অপর ঐ পশ্চাৎকপালাস্থিদ্বারা মস্তক গাত্রাস্থি সকলের সহিত সংলগ্ন থাকে যেহেতুক ঐ পশ্চাৎকপালাস্থির প্রবর্দ্ধনদ্বয় কশেরুকাকার উর্দ্ধস্থতের্চা অর্ব্বুদদ্বয়েতে মস্তক গ্রীবাস্থিসমূহের সহিত সংলগ্ন আছে।

—০—

## চতুর্দ্দশ প্রকরণ।

### শঙ্খাস্থিসমূহের নিদর্শন।

॥ ১ ॥ উভয়পার্শ্বস্থশঙ্খাস্থি দ্বিখণ্ড ঐ একং শঙ্খাস্থিকে চিকিৎসকেরা দ্বিধা কহিয়াছেন বিশেষতঃ আঁইষময়ভাগ এবং প্রস্তর যভাগ শেষকথিত যে ভাগ তাহা সূচ্যগ্রাকৃতি।

॥ ২ ॥ ঐ শঙ্খাস্থি সকলের প্রত্যেক ভাগেতে প্রবর্দ্ধন এবং নিম্নতা আছে বিশেষতঃ বহিঃপৃষ্ঠে প্রবর্দ্ধনত্রয় আছে ঐ প্রবর্দ্ধন ত্রয়ের মধ্যে ব্যবচ্ছেদকেরা পুরোবর্ত্তিপ্রবর্দ্ধনের যুগাকৃতিপ্রবর্দ্ধন নাম দিয়াছেন এবং পশ্চাৎস্থপ্রবর্দ্ধন চুচুকবৎপ্রযুক্ত চুচুকাকার প্রবর্দ্ধন নাম দিয়াছেন এবং অধঃস্থিতপ্রবর্দ্ধনের শলাকাকারপ্রবর্দ্ধন নাম দিয়াছেন।

॥ ৩ ॥ শঙ্খাস্থিসকলের মধ্যে এইং নিম্নতা আছে ॥ ১ ॥ কর্ণ বহিঃশস্কুলি ॥ ২ ॥ হনুশিরঃক্রীড়নার্থে এক বৃহৎখাত ঐ খাত কর্ণরন্ধ্রের পুরঃস্থিত এবং যুগাকারপ্রবর্দ্ধনাধঃস্থিত ॥ ৩ ॥ শলাকাকার এবং চুচুকাকারপ্রবর্দ্ধনমধ্যস্থিত ছিদ্র ঐ ছিদ্র শলাকাকার এবং চুচুকাকারপ্রযুক্ত কোনোং ব্যবচ্ছেদকেরা ঐ উভয়পদার্থছিদ্র নাম দিয়াছেন এবং অন্যান্য ব্যবচ্ছেদকেরা ঐ ছিদ্রের ফালো

পিয়সের প্রণালীকা নাম দিয়াছেন যেহেতুক ঐ ছিদ্রদিয়া শ্রবণ শিরা অথবা সপ্তম যুগল শিরার দৃঢ়াংশ প্রবিষ্ট হয় ॥ ৪ ॥ শেষকথিত ছিদ্রের অধ এবং পুরোভাগের উপর আমরা গ্রীবার অন্তঃস্থিত রক্তাবাহকনাড়ীর খাত দেখিতে পাই তৎখাতের পুর এবং ঊর্দ্ধভাগে এক ছিদ্র আছে তাহার মধ্যদিয়া সুষুপ্তিকর নামে রক্তপ্রবাহকনাড়ী প্রবিষ্ট হয়। ঐ ছিদ্র প্রথমত ঊর্দ্ধগামী পরে পুরোগামী হইয়া কোণাকার হইয়া প্রস্তর নাম অস্থিসমীপে লুপ্ত হয়। ঐ স্থানেতে উভয় শঙ্খাস্থির মধ্যে ইউস্তাখিয়ান্ নামক নলাকারছিদ্র দেখা যায় ঐ ছিদ্র কর্ণাবধি নাসিকার অন্তর্ভাগ পর্য্যন্ত গিয়াছে।

॥ ৪ ॥ ঐ শংখাস্থির অন্তঃপার্শ্বে দৃষ্টি করিলে ঐ অস্থিসকলের প্রস্তরবদংশ ত্রিকোণাকার দেখা যায় ঐ প্রস্তরাকারাংশদ্বারা দুই খাত নির্ম্মিত হইয়াছে তাহার একখাত ঐ শঙ্খাস্থির ঊর্দ্ধ এবং পুরোভাগে স্থিত এবং অন্য এক অধ এবং পশ্চাদ্ভাগে স্থিত। শেষকথিত খাতের দ্বারা ক্ষুদ্রমস্তিষ্কধারি খাতের কতকাংশ কৃত হয় এবং পূর্ব্বকথিত খাতের দ্বারা মস্তিষ্কের মূলভাগধারি ক্ষুদ্র খাতের কতকাংশ কৃত হয়। ঐ শংখাস্থির প্রস্তরবদ্ভাগের পশ্চাদংশেতে কর্ণরন্ধ্রের অন্তর্ভাগের মধ্যদিয়া সপ্তম যুগলের শিরাদ্বয় প্রবিষ্ট হয়। ঐ প্রবর্দ্ধনের অন্তঃপার্শ্বে শংখাস্থি এবং পশ্চাৎ কপালাস্থিদ্বয়ের কর্ম্মসম্পাদক এক ছিদ্র দেখা যায় ঐ ছিদ্রদিয়া পার্শ্বস্থরক্তবাহকনাড়ী এবং অষ্টম যুগ্ম শিরা এবং উপকারিণী নাম শিরা মস্তকহইতে নির্গত হয়।

॥ ৫ ॥ ঐ শঙ্খাস্থির মধ্যস্থিত প্রস্তরবদংশের মধ্যে কর্ণের অতিক্ষুদ্রং কতকগুলি অস্থি আছে ঐ অস্থি সকল কপালাস্থিনির্ম্মাণ বিষয়ে কোন সংযোগ না থাকাপ্রযুক্ত শ্রবণেন্দ্রিয় সকলের অংশের প্রকরণে সে সকল অস্থির নির্ণয় করা যাইবে ।

॥ ৬ ॥ ঐ শঙ্খাস্থি সকল মাঢ়ির অস্থির সহিত যুগবৎসন্ধিতে এবং উভয়পার্শ্বীয়কপালাস্থির সহিত শল্কময়সন্ধিতে এবং পশ্চাৎ কপালাস্থির সহিত লাম্দাকৃতিসন্ধিতে এবং কোণাস্থির সহিত কোণাকৃতিসন্ধিতে সংযুক্ত আছে ।

—০—

## পঞ্চদশ প্রকরণ ।

### কোণাস্থিঃ নিদর্শন ।

॥ ১ ॥ ঐ কোণাস্থির অন্যান্য কপালাস্থির মধ্যে কোনবৎ অবস্থানপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা ঐ অস্থির কোণাস্থিসংজ্ঞা করিয়াছেন । ঐ অস্থির আকার অত্যসমান তাহাতে কোনোং ব্যবচ্ছেদকেরা ঐ অস্থিকে ডেনাবিস্তারিত চাম্চিকা করিয়াছেন ।

॥ ২ ॥ ব্যবচ্ছেদকেরা ঐ অস্থিকে দুই অংশ করিয়াছেন বিশেষতঃ তদ্গাত্র এবং তাহার পক্ষ কিম্বা ডেনাভাগ ।

॥ ৩ ॥ ঐ অস্থির গাত্রের পুরোভাগে এক আলি আছে ঐ আইল নাসিকারন্ধ্রভেদকাস্থির একাংশ হয় । এবং ঐ অস্থির উভয় পার্শ্বীয় পক্ষের ঊর্দ্ধভাগ শঙ্খাস্থির এক পক্ষ হয় এবং ঐ অস্থির পুরঃপার্শ্ব চক্ষুঃকোটরের সহিত সংযুক্ত এবং কশেরুকাকৃতিপুর

র্দ্ধন নামে তদধঃপশ্চাৎপার্শ্ব প্রস্তরবদস্থির সমীপে মস্তকের মূলভাগে স্থিত আছে। কিন্তু ঐ পক্ষাকার প্রবর্দ্ধনদ্বয় ঐ কোণাস্থির মধ্যে সকলহইতে আশ্চর্য্য ঐ পক্ষাকৃতিপ্রবর্দ্ধন কোণাস্থির গাত্রের উভয় পার্শ্বে স্বস্বনিকটে বিস্তারিত আছে ঐ একং প্রবর্দ্ধনের দুইং পক্ষ আছে এবং ঐ পক্ষের মধ্যে বহিঃপক্ষ সর্ব্বাপেক্ষা প্রশস্ত কিন্তু অন্য পক্ষবড়িশাগ্র।

॥ ৪ ॥ ঐ কোণাস্থির অন্তঃপৃষ্ঠে তিন খাত আছে ঐ খাতের মধ্যে দুই খাত ঐ কোণাস্থির পক্ষদ্বয়দ্বারা নির্ম্মিত এবং তদ্দ্বারাও মস্তকাস্থির মূলভাগের ক্ষুদ্রখাতের একাংশ নির্ম্মিত হয়। অপর তৃতীয় খাত অন্য খাতদ্বয়হইতে ক্ষুদ্র এবং ঐ কোণাস্থির গাত্রের অন্তঃপৃষ্ঠের ঊর্দ্ধ্বভাগে স্থিত এবং জীনাকারপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা ঐ খাতের আসনসংজ্ঞা করিয়াছেন। ঐ খাতের মধ্যে শ্লেষ্মজনক গ্রন্থি থাকে ব্যবচ্ছেদকেরা ঐ খাতের অগ্রপশ্চাদ্ভাগে নির্গত চতুঃপ্রবর্দ্ধনের আসনাকৃতিপ্রবর্দ্ধন নাম দিয়াছেন।

॥ ৫ ॥ ঐ কোণাস্থির মধ্যে দ্বাদশ ছিদ্র আছে বিশেষতঃ একং পার্শ্বে ষট্‌ষট্‌। প্রথম ছিদ্র দিয়া দর্শনশিরা এবং চক্ষুর রক্তপ্রবাহকনাড়ী নির্গত হয় এবং দ্বিতীয় ছিদ্র অথবা ঐ ফাটাল দিয়া তৃতীয় এবং চতুর্থ এবং পঞ্চম যুগল নাড়ীর প্রথমাংশ এবং চক্ষুর রক্তবাহকনাড়ী নির্গত হয় এবং তৃতীয় ছিদ্র দিয়া পঞ্চম যুগল নাড়ীর দ্বিতীয় শাখা নির্গত হয় এবং চতুর্থ ছিদ্র দিয়া পঞ্চম যুগ্ম শিরার তৃতীয় শাখা নির্গত হয় এবং পঞ্চম ছিদ্রদিয়া দৃঢ়মাতৃক নামে মস্তিষ্কত্বচের রক্তপ্রবাহকনাড়ী যায় এবং ষষ্ঠ ছিদ্র কোণা

স্থির পক্ষবৎপ্রবর্দ্ধনের ঊর্দ্ধস্থিত থাকে এবং ঐ ছিদ্রমধ্যদিয়া পঞ্চম যুগ্ম শিরার দ্বিতীয় ভাগের এক শাখা প্রত্যাগমন করে।

॥৬॥ ঐ কোণাস্থির গাত্রমধ্যস্থিত এক পত্রাস্থিদ্বারা পৃথক্ হওয়াত দুই অবট্ আছে ঐ অবটদ্বয় শ্লেষ্মজনকত্বচের দ্বারা অন্তর্ভাগ আচ্ছন্ন আছে এবং ঐ অবটদ্বয় ললাটাস্থির অবটসদৃশ নাসিকাতে গমনকারি এক প্রকার শ্লেষ্মকে উৎপন্ন করে।

॥৭॥ কোণাস্থি করোটির সমস্ত অস্থির সহিত সংলগ্ন আছে এবং মাঢ়্যস্থি এবং কাকুদাস্থি এবং লাঙ্গলফালাকৃত্যস্থি এই সকলের সহিত সংলগ্ন আছে।

॥৮॥ কোণাস্থি মস্তকাস্থির এক মূলাস্থি ঐ অস্থিদ্বারা চক্ষুঃকোটরের কতকাংশ কৃত হয় এবং তাহা অনেক মাংসপেশী বদ্ধ হওয়ার স্থান।

## ষড়্দশ প্রকরণ।

### ঝাঁঝরাস্থির নিদর্শন।

॥১॥ ঐ ঝাঁঝরানামক অস্থি মস্তকাস্থি সকলের মূল এবং পুরোভাগে স্থিত এবং অত্যসমানাকার এবং তদ্গাত্র অতিশয় ছিদ্রময়প্রযুক্ত ব্যবচ্ছেদকেরা ঐ অস্থির ঝাঁঝরাস্থিসংজ্ঞা করিয়াছেন।

॥২॥ ঐ ঝাঁঝরাস্থিকে ব্যবচ্ছেদকেরা মধ্যভাগ এবং ত্রিপার্শ্ব ভেদে পৃথক করিয়াছেন ঐ অস্থির মধ্যভাগ অতিপাতল এক পত্রবদস্থিদ্বারা নির্ম্মিত ঐ পত্রেতে অসংখ্যক ছিদ্র আছে এবং ঐ ছিদ্র দিয়া ঘ্রাণশিরার শাখা নির্গতা হয় ঐ পত্রের উভয়পার্শ্বের মধ্যভাগ

হইতে অনায়াসদৃশ্য প্রবর্দ্ধনদ্বয় নির্গত হয়। ঐ প্রবর্দ্ধনের মধ্যে অন্তঃপৃষ্ঠস্থিতপ্রবর্দ্ধন কুক্কুটশিখাকৃতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার নাম কুক্কুটশিখা দিয়াছেন ঐ প্রবর্দ্ধনের সহিত মস্তিষ্কত্বচের দাত্রা কার ভাগ সংলগ্ন থাকে। অপর ঐ পত্রের বহির্ভাগস্থিতপ্রবর্দ্ধন কুক্কুটশিখাকৃতিপ্রবর্দ্ধনের মূলহইতে উৎপন্ন এবং অতিপাতল পত্রবৎ হইয়া লাঙ্গলফালাকারাস্থির সহিত সংলগ্ন হইয়া অসমান রূপে নাশিকারন্ধ্রভেদক হয় যেহেতুক ঐ নাসিকারন্ধ্রভেদক এক পার্শ্বাপেক্ষা অন্য পার্শ্বের কিঞ্চিন্নিকটস্থ।

॥ ৩ ॥ ঐ ঝাঁঝরাকারাস্থির পার্শ্বভাগ মধুচাকের ন্যায় এবং ঐ সমস্ত ছিদ্র এমত দুর্নিদর্শনীয় যে সে সকলের আকার এবং সংখ্যা দেওয়া অসাধ্য তজ্জন্যে অনেক গ্রন্থকর্ত্তারা ঐ অংশের অনন্তকুটীরাস্থিসংজ্ঞা করিয়াছেন। ঐ কুটীর সমস্ত বহিঃপৃষ্ঠে অতি পাতল এক অস্থিপত্রদ্বারা আচ্ছাদিত আছে এবং ঐ অস্থির ঐ সমানাখ্যাংশ চক্ষুঃকোটরের নির্ম্মাণবিষয়ে যায়।

॥ ৪ ॥ ঐ ঝাঁঝরাস্থি সকলের কুটীর অনেক এবং ঐ প্রত্যেক কুটীরের অন্তর্ভাগ সর্ব্বত্র শ্লেষ্মজনকত্বচের দ্বারা আচ্ছাদিত আছে এবং ঐ শ্লেষ্ম ঘ্রাণশিরাধারি নাসিকাছিদ্রবর্দ্ধনকারী হয়।

॥ ৫ ॥ ঐ ঝাঁঝরাস্থি কোণাস্থি এবং ললাটাস্থি এবং মাঢ্যস্থি এবং কাকুদাস্থি এবং ঘনাস্থি এবং নখাস্থি এবং লাঙ্গলফালা কারাস্থি এই সকলের সহিত সংলগ্ন আছে।

॥ ৬ ॥ মস্তিষ্কহইতে শরীরের সমস্ত রস উৎপন্ন হয় এতদ নুমানকারিপ্রাচীনব্যবচ্ছেদকেরা ভাবিয়াছিলেন যে ঐ মস্তিষ্কের তারবর্দ্ধিষ্ণুরস ঐ ঝাঁঝরাস্থির ছিদ্রদিয়া নির্গত হয় এবং এতৎ

কালেও মূর্খেরা ভাবে যে মস্তিস্কের মধ্যে কোনো ব্রণরূপপীড়া হইলে তৎক্লেদ কর্ণ এবং মুখদ্বারা নির্গত হয় এবং নস্য লইলেও তাহা মস্তিষ্কমধ্যে প্রবিষ্ট হয় কিন্তু যেমত তাঁহারা অনুমান করিয়া ছিলেন সে মত নস্য লইলে ঐ ঝাঁঝরাস্থির ছিদ্রদিয়া মস্তকে প্রবেশ করিতে পারে না এবং ব্রণের ক্লেদও নির্গত হয় না। ঐ ঝাঁঝরাস্থির তাবচ্ছিদ্র ঘ্রাণশিরার শাখাদ্বারা পরিপূর্ণ আছে এবং ঐ অস্থির অন্তঃপৃষ্ঠ দৃঢ়মাতৃকা নামে ত্বচেতে আচ্ছাদিত এবং ঐ অস্থির কোষ সমস্ত সর্ব্বত্র শ্লেষ্মোৎপাদক ত্বচেতে লিপ্ত আছে তাহাতে ক্লেদ কিম্বা অন্য কোনো রস ঐ অস্থির ছিদ্র দিয়া মস্তকে প্রবিষ্ট এবং নির্গত হইতে পারে না। কখনং নাসিকাহইতে ক্লেদ নির্গত হয় সে সত্য কিন্তু ঐ ক্লেদ নাসিকাহইতে উৎপন্ন হয় না কিন্তু নাসিকামধ্যস্থিত অবটেতে উৎপন্ন হইয়া নির্গত হয়। ঐ রূপেও কর্ণরন্ধ্রেতে ব্রণ হয় কিন্তু তৎক্লেদ পরিপাক পাইয়া বহির্গত হয়।

—০—

## সপ্তদশ প্রকরণ।

### মস্তক নির্ম্মাণ বিষয়।

॥ ১॥ মস্তকাস্থিনির্ণয়করণের সমাপ্তির পূর্ব্বে মস্তকের আকার এবং তন্নির্ম্মাণবিষয় যৎকিঞ্চিদ্ব্যাখ্যা করি। তাহাতে আমরা জিজ্ঞাসা করিতে পারি যে মস্তকের মধ্যস্থিত অনেক অস্থিসন্ধির আবশ্যকতা নাই অতএব তাহা একাস্থিদ্বারা নির্ম্মিত হইতে পারিত তবে নানাস্থি এবং নানা সন্ধির প্রয়োজন কি। ব্যবচ্ছেদকেরা অদ্যাপি যদ্বিষয়ে অজ্ঞান তদ্বিষয়ক অনেক উপকার ঐ অস্থির এবং

সন্ধির বাহুল্যহইতে উৎপন্ন হইতে পারে— কিন্তু সে যাহা হউক আমরা অনেক উপকার দর্শাইতে পারি যাহাতে ঐ অস্থি সকলের ঐ প্রকার আকার না হইলে কোনোরূপে তাহা উৎপন্ন হইতে পারে না অতএব অন্য বিদ্যাবিষয়ে যেমত সেই মত এবিষয়েও আমরা সৃষ্টিকর্ত্তার বহুজ্ঞান এবং বুদ্ধি অগবত হইতে পারি তজ্জন্যে আমারদিগের সৃষ্টিকর্ত্তার সর্ব্বদা স্তব কর্ত্তব্য। তাহার কতক২ কারণ বিশেষিয়া কহি।

॥২॥ করোটি একাস্থিতে নির্ম্মিত হওনাপেক্ষা অনেকাস্থিতে নির্ম্মিতপ্রযুক্ত অতিশীঘ্র এবং সহজরূপে বর্দ্ধিষ্ণু হয়। যেমত পূর্ব্বে কহিয়াছি সেইমত গর্ব্ভস্থ বালকের মধ্যে মস্তকাস্থি সকল পৃথক২ ভাবে থাকে কিন্তু অস্থিত্ব পাওনের উপক্রম যখন হয় তখন ঐ অস্থিধর্ম্ম প্রত্যেকাস্থির মধ্যস্থানে আরব্ধ হইয়া উত্তরোত্তর কিনারা পর্য্যন্ত বর্দ্ধিষ্ণু হয় অতএব অস্থিত্বপ্রাপণ অর্থাৎ মস্তকের বৃদ্ধি এক কালে অনেক স্থানহইতে আরব্ধ হইয়া অস্থিসকল বৃদ্ধিপ্রাপণেতে প্রত্যেকাস্থি ক্রমে২ নিকটস্থ হয়। ঐ বাক্য প্রমাণার্থে কহি মস্তকের ঊর্দ্ধভাগ নির্ম্মাণকারি উভয়পার্শ্বীয়কপালাস্থির স্বস্বখণ্ড বৃদ্ধিদ্বারা যদ্যপি ললাটাস্থি নির্ম্মিত হয় তবে আমার দিগের কি বোধ হয় না যে মস্তকের মধ্যে ঐ ললাটাস্থি এখন যেরূপ অতিসহজে হয় তদপেক্ষা অতিদুর্নির্ম্মিত হইত যেহেতুক এখন উভয়পার্শ্বস্থকপালাস্থিদ্বয় এবং ললাটাস্থি এই তিন এককালে বৃদ্ধি পায়। ঐ সমস্ত কারণপ্রযুক্ত আমরা দেখি যে বালকের মস্তকে অস্থি যখন নিকটবর্ত্তি হইতে লাগে তখন তাহার দিগের মস্তক পূর্ব্বাপেক্ষা অতিশনৈঃশনৈঃ বৃদ্ধি পায় এবং তৎ

কারণপ্রযুক্ত গর্ব্ভস্থ বালকের মস্তক তিন মাসের মধ্যে যেমত বৃদ্ধি পায় সেইমত চতুর্দ্দশ কিম্বা পঞ্চদশ বৎসর বয়স্ক হইলে চতুর্ব্বিংশতি মাসেও বৃদ্ধি পায় না।

॥ ৩ ॥ মস্তকের সংযোগেতে দৃঢ়মাতৃকত্বচের প্রবর্দ্ধন সংলগ্ন থাকে কিন্তু ঐ গুণছাড়াও ঐ নানা সংযোগের এইং গুণও আছে মস্তকের অস্থি কোনো আঘাতপ্রযুক্ত ভগ্ন হইলেও ঐ সংযোগদ্বারা তদ্ভঞ্জনবৃদ্ধি নিবারণ হয়। তাহার দৃষ্টান্ত দি যদ্যপি করোটির কোনো এক অস্থি কোনো আঘাতপ্রযুক্ত ভগ্ন হয় কোরোটি যদ্যপি কেবল এক সংযোগদ্বারা নির্ম্মিত হইত তবে ঐ ভগ্নতা তাবৎ করোটিতে ব্যাপিত কিন্তু করোটি অনেক সংযোগদ্বারা নির্ম্মিত প্রযুক্ত ঐ ভগ্নতা প্রথমসংযোগপর্য্যন্ত গেলে আর বর্দ্ধিত হইতে পারে না তাহাতে ঐ ভগ্নতা যে অস্থিতে আঘাত হইয়া থাকে সেই অস্থিতে কেবল থাকে অন্য অস্থিতে ব্যাপিতে পারে না। ঐ সংযোগ সকলের যে ঐ প্রকার উপকার রয়শ্নামক ব্যবচ্ছেদক এবং অন্যং কোনো ব্যবচ্ছেদকেরা তন্মতগ্রাহী নন বটে কিন্তু করোটির অনেক সংযোগহইতে যেং ব্যক্তির ঐরূপ উপকার হইয়াছে ব্যবচ্ছেদকেরা এইমত অনেক লোক দেখিয়াছেন এবং ঐ সংযোগের বাহুল্যহইতে বালকের মধ্যে যে উপকার হয় তাহা সর্ব্বগোচরে অতিপ্রমাণ।

॥ ৪ ॥ মস্তকের গোলাকারেতে এই এক গুণ আছে যে অন্যান্য কোনো আকারমস্তকাপেক্ষা কোনো বস্তুদ্বারা স্থিতাকৃতিমস্তকেতে আঘাত হইলে তদাঘাত অধিক ব্যর্থকারী হয় যেহেতুক খিলানের প্রত্যেক ভাগ তদ্দৃঢ়কারী হইয়া তৎখিলানের নির্ভর স্থান হয় মস্তকও তদ্রূপ।

# দ্বিতীয়াধ্যায়ের দ্বিতীয় পর্ব্ব।

## অষ্টাদশ প্রকরণ।

### মুখাস্থির নিদর্শন।

॥ ১॥ মুখভাগ অনেক অস্থিতে নির্ম্মিত অতএব ব্যবচ্ছেদ কেরা সে সকলকে দ্বিখণ্ড করিয়াছেন অর্থাৎ হনু ভাগ এবং মাঢ়িভাগ। মাঢ়িভাগ দন্তছাড়া ত্রয়োদশ অস্থিতে নির্ম্মিত সে সকলের মধ্যে নাসিকার উভয়পার্শ্বে ছয়২ করিয়া দ্বাদশ ব্যবস্থিত আছে এবং একটা মধ্যস্থিত।

॥ ২॥ যেং অস্থি যোড়াং সে সকল এইং গণ্ডাস্থিদ্বয় এবং মাঢ়্যস্থিদ্বয় এবং ঘনাস্থিদ্বয় এবং নখাকারাস্থিদ্বয় এবং কাকুদাস্থিদ্বয় এবং অধঃস্থ বহুছিদ্রাস্থিদ্বয় এবং একাকি যেটা সেটা লাঙ্গলফালাস্থি।

## ঊনবিংশতি প্রকরণ।

### গণ্ডাস্থিদ্বয়ের নিদর্শন।

॥ ১॥ ঐ গণ্ডাস্থি উচ্চৈঃকৃত এবং চতুষ্কোণ এবং চক্ষুর অধঃস্থিত ঐ অস্থিদ্বারা গণ্ডের ঊর্দ্ধভাগ এবং চক্ষুঃকোটরের অধোভাগ নির্ম্মিত আছে। ঐ গণ্ডাস্থির একং অস্থিতে পার্শ্বত্রয় তাহার মধ্যে বহিঃপার্শ্ব কিঞ্চিন্মুব্জ এবং ঊর্দ্ধভাগ কিঞ্চিদুত্তান তাহাতে চক্ষুঃকোটরের অধোভাগ এবং পার্শ্বভাগ নির্ম্মিত হয়। এবং তৃতীয়

অথবা পশ্চাৎপার্শ্ব অসমান এবং উত্তান ঐ উত্তানহেতুকনিম্নতাতে শঙ্খাস্থির মাংসপেশী স্থিত।

॥ ২ ॥ ঐ প্রত্যেক গণ্ডাস্থির চতুষ্কোণহইতে চতুঃপ্রবর্দ্ধন উৎপন্ন হইয়াছে ঐ প্রবর্দ্ধনের মধ্যে দুই প্রবর্দ্ধনকে ব্যবচ্ছেদ কেরা কোটরপ্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন। ঐ প্রবর্দ্ধনদ্বয়ের মধ্যে এক প্রবর্দ্ধন ললাটাস্থিতে সংযুক্ত এবং অন্য প্রবর্দ্ধন মাঢ়্যাস্থির সহিত সংযুক্ত। তৃতীয় প্রবর্দ্ধন অনুপ্রস্থসংযোগদ্বারা ঝাঁঝরাস্থিতে সংযুক্ত এবং চতুর্থ প্রবর্দ্ধন শঙ্খাস্থির যুগাকার প্রবর্দ্ধনের সহিত সংমিলিত আছে তাহাতে যুগনামক সন্ধিকৃত হয়।

—০—

## বিংশতি প্রকরণ।

### মাঢ়্যাস্থির নিদর্শন।

॥ ১ ॥ ঐ মাঢ়্যাস্থি সকলের আকার অত্যসমান তদ্দ্বারা মাঢ়ির ঊর্দ্ধভাগ নির্ম্মিত। ঐ মাঢ়্যাস্থি দ্বিখণ্ড এবং প্রায় সর্ব্বদা মনুষ্যের তাবদায়ুতে পৃথক থাকে।

॥ ২ ॥ ঐ মাঢ়্যাস্থির যে প্রবর্দ্ধন সকল করোট্যাস্থির এবং মুখাস্থির সহিত সংলগ্ন সে সকলের মধ্যে কেবল প্রধান২ প্রবর্দ্ধনের নির্ণয় এই স্থানে করি।

॥ ৩ ॥ ঐ প্রবর্দ্ধনের মধ্যে এক প্রবর্দ্ধন মাঢ়্যাস্থির ঊর্দ্ধপুরোভাগে স্থিত হইয়া নাসিকার পার্শ্ব হয় তাহাতে ব্যবচ্ছেদকেরা ঐ প্রবর্দ্ধনের নাসিকাপ্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন। অন্য এক প্রবর্দ্ধন ঐ মাঢ়্যাস্থির অধোভাগে ধনুরাকৃতি হয় তাহাতে দন্তস্থালী সকল

স্থিত আছে ঐ পুবৰ্দ্ধনের ব্যবচ্ছেদকেরা স্থাল্যাধারাস্থিপুবৰ্দ্ধন সংজ্ঞা করিয়াছেন। তৃতীয় পুবৰ্দ্ধন মুখের উভয়পার্শ্বে গণ্ডাস্থির সহিত সংযুক্ত ঐ গণ্ডাস্থির এবং নাসিকাপুবৰ্দ্ধনের মধ্য স্থানে এক অতিসূক্ষ্মপত্রবদস্থি আছে এবং ঐ পাতলাস্থিদ্বারা চক্ষুঃকোটরের একাংশকৃত হয় এবং মাঢ়ির নাড়ী এবং শিরার পথ আচ্ছাদন করিয়া থাকে। ঐ স্থাল্যাধারাস্থিপুবৰ্দ্ধনের পশ্চাৎ এবং অন্তঃপৃষ্ঠে স্থিত মাঢ়িগুটিকা নামে প্রসিদ্ধ এক গুটিকা আছে।

॥ ৪ ॥ স্থাল্যাধারাস্থিপুবৰ্দ্ধনের পশ্চাদ্ভাগে অবায়তন গমনকারি দুই পত্রবদস্থি আছে ঐ পত্রদ্বয় সম্মিলিত হইয়া তদ্দ্বারা কাকুদাস্থি হয় এবং তাহাতে নাসিকা ও মুখের ঊৰ্দ্ধ্বভাগ পৃথক হয়। কাকুদদেশের গোলাকৃতির কারণ এইং যে ঐ দুই পত্র স্থাল্যাধারাস্থিপুবৰ্দ্ধনের কিঞ্চিৎ ঊৰ্দ্ধ্বস্থিত। ঐ অনুপ্রস্থগমনকারিপত্রবদস্থির পুরোভাগে ভেদকছিদ্রনামে এক ক্ষুদ্র ছিদ্র আছে ঐ ছিদ্র দিয়া ক্ষুদ্রং রক্তনাড়ী এবং শিরাপ্রভৃতি নাসিকা এবং মুখের মধ্যস্থানে গতি করে।

॥ ৫ ॥ ঐ মাঢ্যস্থির অন্তঃপার্শ্বে দৃষ্টি করিলে নাসিকাপুবৰ্দ্ধনের অধোভাগে এক খাত দেখা যায় ঐ খাতদ্বারা এবং নখাকারাস্থিদ্বারা এবং অধস্থছিদ্রময়াস্থিদ্বারা অশ্রুপ্রণালিকার পথ হয়।

॥ ৬ ॥ ঐ দুই মাঢ্যস্থি যে স্থানে সম্মিলিত হয় সেইস্থানে ঊৰ্দ্ধ্ব এবং পুরোদিগে বৰ্দ্ধিত হইয়া মধ্যস্থান সীতাবৎ হয় ঐ সীতাতে নাসিকারন্ধ্রভেদক থাকে।

॥ ৭ ॥ ঐ উভয় মাঢ্যস্থির মধ্যস্থান শূন্যপ্রযুক্ত ঐ অস্থির কোটরাকারভাগের অধঃস্থিত এক কূপবৎ স্থান আছে। ঐ কূপ হিগ্‌মোরনামক ব্যবচ্ছেদকের নামেতে প্রসিদ্ধ আছে কিন্তু ঐ ব্যবচ্ছেদকের পূর্ব্বে ফালোপিয়শ্‌নামক ব্যবচ্ছেদক এবং অন্যং অনেক ব্যবচ্ছেদককর্ত্তৃক প্রথমত তাহা দৃষ্ট হইয়াছিল। ঐ কূপের অন্তভাগ শ্লেষ্মাধারত্বচেতে আচ্ছাদিত আছে এবং নাসিকাস্থ অন্যং কূপের ন্যায় ঐ কূপের এক কার্য্য ঐ কূপপর্য্যন্ত নাসিকারন্ধ্রাবধি এক পথ আছে।

॥ ৮ ॥ ঐ মাঢ্যস্থিদ্বয়ের এবং মুখাস্থির এবং করোট্যস্থি সকলের অনেক অস্থির সহিত সংযোগ আছে তদ্দ্বারা উভয়পার্শ্বীয় গণ্ড এবং কাকুদ এবং নাসিকা এবং চক্ষুঃকোটর স্বস্বাকৃতি প্রাপ্ত হয়।

—০—

## একবিংশতিতম প্রকরণ।

### ঘনাস্থির নিদর্শন।

॥ ১ ॥ ঘনাস্থিতে অসমানচতুর্ভুজদ্বয় হয় ঐ ঘনাস্থিদ্বয় অধোভাগাপেক্ষা ঊর্দ্ধ্বভাগে অধিক স্থূল এবং ঈষৎপ্রশস্ত। বহিঃপৃষ্ঠে ঐ অস্থি ন্যুব্জ এবং অন্তর্ভাগে যৎকিঞ্চিদুত্তান ঐ অস্থিদ্বয়দ্বারা নাসিকার ঊর্দ্ধ্বাবয়ব কৃত হয়। ঐ সকল ঘনাস্থি পুরোভাগে পরস্পর সংমিলিত এবং ঊর্দ্ধ্বভাগে ললাটাস্থির সহিত সংযুক্ত এবং পশ্চাদন্তর্ভাগে নাসিকারন্ধ্রভেদকাস্থির সহিত সংযুক্ত এবং অধোভাগে নাসিকার উপাস্থিসকলের সহিত সংযুক্ত।

## দ্বাবিংশতিতম প্রকরণ।

### নখাকারাস্থির নিদর্শন।

॥১॥ ঐ ক্ষুদ্র২ স্বচ্ছাস্থিদ্বয় নখাকারপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা সে সকলের নখসংজ্ঞা করিয়াছেন এবং কখন২ কোনো ব্যবচ্ছেদকেরা ঐ অস্থির অশ্রুৎপত্তিকাস্থি সংজ্ঞা করিয়াছেন যেহেতুক ঐ নখাস্থি একৈক মাঢ্যাস্থির প্রবর্দ্ধনের সহিত সংযুক্ত হইয়া অশ্রু কোষ এবং প্রণালিকাধারস্থান হয়।

॥২॥ ঐ নখাস্থিদ্বয় অসমানাকার এবং ঐ অস্থি সকলের বহিঃপৃষ্ঠে এক আলিদ্বারা ভিন্ন হওত অতিচিকণস্থানদ্বয় আছে ঐ স্থানের মধ্যে যে ভাগ ন্যূন এবং নাসিকানিকটবর্ত্তী তাহা অশ্রু কোষ এবং প্রণালিকাধারক হয় অন্য যে সমানভাগ তদ্দ্বারা চক্ষুঃ কোটরের কতকাংশ নির্ম্মিত হয়।

॥৩॥ নখাস্থিদ্বয় ললাটাস্থি এবং ঝাঁঝরাস্থি এবং মাঢ্যাস্থির সহিত সংযুক্ত।

—০—

## ত্রয়োবিংশতিতম প্রকরণ।

### কাকুদাস্থির নিদর্শন।

॥১॥ ঐ কাকুদাস্থিদ্বয় ঝাঁঝরাস্থির এবং মাঢ্যাস্থির মধ্যস্থানে তালুর পশ্চাদ্ভাগে স্থিত ঐ অস্থিদ্বারা নাসিকার এবং মাঢ্যাস্থির খাত এবং চক্ষুঃকোটরের কিয়দংশ কৃত হয় এবং যেস্থানে ঐ অস্থিদ্বয় পরস্পর সম্মিলিত হয় সেইস্থানে অন্তঃপার্শ্বে আল্যাকার

হইয়া উচ্চীকৃত হয় তাহাতে অনুমান হয় যে ঐ আলি এবং মাঢ়্যাস্থির আলি এক অস্থিতে নির্ম্মিত হইয়া তদ্দ্বারা নাসিকারন্ধ্রভেদকাস্থি কৃত হয়।

॥ ২ ॥ কাকুদাস্থিদ্বয় মাঢ়্যাস্থি এবং ঝাঁঝরাস্থি এবং কোণাস্থি এবং লাঙ্গলফলকাস্থির সহিত সংযুক্ত।

## চতুর্ব্বিংশতিতম প্রকরণ।

### লাঙ্গলফলাস্থির নিদর্শন।

॥ ১ ॥ ঐ অস্থি লাঙ্গলফলাকারপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার সংজ্ঞা লাঙ্গলফলাস্থি করিয়াছেন ঐ লাঙ্গলফলাস্থি দীর্ঘ এবং চেপ্‌টাপার্শ্বাপেক্ষা পশ্চাৎপার্শ্বে কিঞ্চিৎস্থূল। ঐ অস্থির তাবদ্দ্যাধিমগামিনী এক সীতা ঊর্দ্ধভাগে দেখা যায় ঐ সীতার পশ্চাদ্ভাগে এবং প্রশস্তভাগে কোণাস্থির এক প্রবর্দ্ধন প্রবিষ্ট হইয়া থাকে ঐ প্রবর্দ্ধনহইতে ঐ সীতা অগ্রগামিনী হওনানন্তর অল্পপ্রশস্ত এবং কিঞ্চিদুত্তান হইয়া ঝাঁঝরাস্থির পত্রবদস্থির কিয়দংশগ্রহণ করে এবং অবশিষ্ট ভাগ নাসিকার রন্ধ্রভেদকারি উপাস্থি ধারণ করে।

॥ ২ ॥ ঐ লাঙ্গলফলাস্থির অধোভাগ মাঢ়ি এবং কাকুদাস্থির আল্যুপরি স্থিত যেরূপ আমরা কাকুদাস্থিনিদর্শন প্রকরণে কহিয়াছি।

॥ ৩ ॥ ঐ লাঙ্গলফালাস্থি ঝাঁঝরাস্থি এবং কোণাস্থি এবং মাঢ়্যাস্থি এবং কাকুদাস্থি এই সকলের সহিত সংযুক্ত এবং নাসি

কার পশ্চাড্ভাগে নাসিকারন্ধ্রদ্বয়েতে ভেদকরণপ্রযুক্ত রন্ধ্রভেদকাস্থির এক অংশ হয়।

—০—

## পঞ্চবিংশতিতম প্রকরণ।

### বহুছিদ্রাস্থির নিদর্শন।

॥১॥ ব্যবচ্ছেদকেরা যেং অস্থির এইরূপ সংজ্ঞা করিয়াছেন বালাবস্থাব্যতিরিক্ত যৌবনাবস্থাপ্রাপ্ত ব্যক্তিতে সে সকলের পৃথক করিয়া নির্ণয়করণোনুপযুক্ত। ঐ বহুছিদ্রাস্থি সকল নাসিকারন্ধ্রেতে অতিসূক্ষ্মপত্রবৎ হইয়া কোণাস্থির ছিদ্রময়পত্রের সহিত সংযুক্ত আছে তাহাতে কোনোং ব্যবচ্ছেদকেরা উভয়াস্থিকে একাস্থি জ্ঞান করিয়াছেন।

॥২॥ ঐ বহুছিদ্রাস্থির প্রত্যেক পত্র পশ্চাদবধি পুরোভাগ পর্য্যন্ত দীর্ঘ এবং সেই অস্থির নুব্জপৃষ্ঠ নাসিকারন্ধ্রভেদকের প্রতি নত এবং ঐ অস্থির উত্তানপার্শ্ব মাঢ়িরদিগে নত হইয়া নাসিকারন্ধ্রগামি ছিদ্রের দ্বার আচ্ছাদন করিয়া থাকে।

॥৩॥ ঐ অস্থি সকল শ্লেষ্মাধারত্বচেতে আচ্ছন্ন এবং ঝাঁঝরাস্থিভিন্নও মাঢ়্যাস্থিতে এবং কাকুদাস্থিতে এবং নখাস্থিতে সংযুক্ত আছে।

—০—

## ষড়্বিংশতিতম প্রকরণ।

### হনুর নিদর্শন।

॥১॥ হন্বস্থি অশ্বখুরবন্ধনলাকৃতি এবং গর্ব্ভস্থবালকেতে

অস্থিদ্বয়েতে নির্ম্মিত কিন্তু বালকের জন্মের কিছুকাল পরে ঐ খণ্ড দ্বয় সংযুক্ত হইয়া একাস্থি হয়। ঐ হন্বস্থির ঊর্দ্ধকিনারায় মাঢ্যাস্থির ন্যায় দন্তাধারস্থাল্যাধারকপ্রবর্দ্ধন আছে।

॥ ২ ॥ উভয়পার্শ্বে পশ্চাদ্ভাগে ঐ হন্বস্থি প্রবর্দ্ধনদ্বয় হইয়া সরলরূপে ঊর্দ্ধগামি হয়। ব্যবচ্ছেদকেরা ঐ প্রবর্দ্ধনের মধ্যে সর্ব্বাপেক্ষা উচ্চপ্রবর্দ্ধনের কাকচঞ্চুপ্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন তাহা সূচ্যাকার এবং অতিপাতল এবং তাহাতে শঙ্খাস্থিদেশের মাংসপেশী বদ্ধ থাকে। ব্যবচ্ছেদকেরা ঐ অস্থির অন্য প্রবর্দ্ধনের পর্ব্বাকার প্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন ঐ প্রবর্দ্ধন পূর্ব্বকথিত প্রবর্দ্ধন হইতে কিঞ্চিৎখর্ব্ব এবং স্থূল এবং তদগ্রভাগ দীর্ঘীকৃতমুণ্ডবৎ ঐ মুণ্ড শঙ্খাস্থির খাতে গৃহীত হয় তাহাতে করোট্যস্থির সহিত এবং হনুর সহিত ক্রীড়ার্থক সন্ধি কৃত হয় ঐ সন্ধিতে ক্রীড়াসমর্থ এক উপাস্থি আছে। প্রত্যেক কাকচঞ্চ্বাকারপ্রবর্দ্ধনেতে অন্তঃপার্শ্বে স্থিত সমস্ত দন্তের মূলভাগে গমনকারী ঐ হনুর চিবুকস্থানসমীপে বহিঃ পার্শ্বে লুপ্তীভূত এক ছিদ্র দেখা যায় ঐ প্রত্যেক প্রণালিকার মধ্যে এক রক্তপ্রবাহকনাড়ী এবং এক রক্তাবাহকনাড়ী এবং এক শিরা নির্গতা হয় ঐ প্রত্যেক নাড়ী শিরাপ্রভৃতিহইতে অন্য অনেকং শাখা দন্তদেশে প্রেরিত হয়।

॥ ৩ ॥ হনু অনেক প্রকার ক্রীড়াকরণে সমর্থ বিশেষতঃ ঐ হনুর প্রবর্দ্ধনকে তৎকূপহইতে তৎকূপপার্শ্বস্থ উচ্চীভূতস্থানসমীপে আনয়নদ্বারা হন তের্চ্চা হইয়া সম্মুখে সরে যথা দংশনে। কিম্বা ঐ হনুর প্রবর্দ্ধনমাত্র অগ্রদিগে আনিয়া ঐ হনুর গাত্র পশ্চাদ্দিগে হঠাৎ প্রক্ষিপ্ত হইতে পারে যথা মুখব্যাদানে। ঐ প্রকার ক্রীড়াছাড়াও

আমরা ঐ হনুর প্রবন্ধনকে তৎকূপহইতে তদূর্দ্ধীকৃতস্থানপর্য্যন্ত এক পার্শ্বের পর অন্যপার্শ্ব এই ক্রমে আনয়ন করিতে পারি এবং তদ্রূপে পুনঃপ্রেরিত করিতে পারি যথা দন্তঘর্ষনে। ঐ হনুসন্ধিস্থিত ঐ উপাস্থিসকল হনুর প্রত্যেক অসমানক্রীড়াস্থানে ক্রীড়াতে তদনুগামি হইয়া সাহায্যকরণদ্বারা সন্ধিসকল দৃঢ়ত্বপ্রাপ্ত হয় এবং সন্ধির পরষ্পর ঘর্ষণজন্য হিংসা নিবারণ করে।

॥ ৪ ॥ স্থাল্যাধারাস্থি সকলের উভয়পার্শ্বের প্রবর্দ্ধন বাহ্যাভ্যান্তরপত্রদ্বয়েতে নির্ম্মিত ঐ পত্রদ্বয় অতিসূক্ষ্ম উপভেদকাস্থি দ্বারা ভিন্নীকৃত এবং ঐ ভেদকাস্থি সকল হনুর পুরোভাগে যত দন্ত থাকে তত স্থালীতে ঐ প্রবর্দ্ধনকে ভেদ করে কিন্তু হনু পশ্চাদ্ভাগে যেস্থানে দন্ত সকলের অধিক শিকড় থাকে সে স্থানে একং শিকড়ের নিমিত্তে পৃথকং স্থালী আছে। হনুতে এবং মাঢ়িতে ঐ প্রবর্দ্ধন সকলের উৎপত্তি এককালে হইয়া এক ব্যবস্থানুসারে বৃদ্ধি পায় এবং দন্ত পড়িলে পুনর্ব্বার তদ্ব্যবস্থানুক্রমে লুপ্ত হয়।

---

## দ্বিতীয়াধ্যায়ের তৃতীয় পর্ব্ব।

### সপ্তবিংশতিতম প্রকরণ।

দন্তের নিদর্শন।

॥ ১ ॥ দন্তসকল চর্ব্বণার্থে এবং বাক্যস্ফুরণার্থে অতিসুনির্ম্মিত হইয়াছে। এই স্থানে ঐ দন্ত সকল কোনদ্রব্যদ্বারা নির্ম্মিত এবং

সে সকলের আকার এবং ব্যবস্থা কি প্রকার এবং কোন দন্তের পরে কোনদন্তের উৎপত্তি হয় তদ্ব্যাখ্যা করি।

॥ ২ ॥ ব্যবচ্ছেদকেরা প্রত্যেক দন্তেতে অংশত্রয় করিয়া নির্ণয় করিয়াছেন বিশেষতঃ দন্তের গাত্র এবং গল এবং মূল ভাগ।

॥ ৩ ॥ ব্যবচ্ছেদকেরা দন্তবেষ্টনের ঊর্দ্ধভাগের গাত্র এবং যে ভাগ স্থালীমধ্যস্থিত তাহার মূল এবং দন্ত ও তদ্গাত্রমধ্যে যে ভাগ তাহার দন্তগলসংজ্ঞা করিয়াছেন।

॥ ৪ ॥ দন্তসকল দ্রব্যদ্বয়েতে নির্ম্মিত বিশেষতঃ দন্তোপরিস্থিত জাজ্বল্যমান মীনাভাগ এবং অস্থি ভাগ। ঐ দন্ত সকলের মীনাভাগ অতিশ্বেতবর্ণ এবং অতিদৃঢ় এবং নিরেট এবং কেবল দন্তেতে থাকে এবং ভাঙ্গিলে অনুমান হয় যে তাহা তন্তুবিশিষ্ট। ঐ মীনা চর্ব্বনদন্তের অন্যপার্শ্বাপেক্ষা চর্ব্বনপার্শ্বে অতিস্থূল এবং ক্রমেং পাতলা হইয়া দন্তের গলের নিকটবর্ত্তি স্থানেতে লুপ্ত হয়। রয়শ্ নামে ব্যবচ্ছেদক কহিয়াছেন যে সর্ব্বাপেক্ষা দন্তের দৃঢ়বস্তুতে তিনি রক্তপ্রবাহকনাড়ী দেখিয়াছেন এবং লিউএনহোক্ নামে ব্যবচ্ছেদক অনুমান করিয়াছেন যে ঐ মীনার তন্তু সকল নাড়ী মাত্র এবং মন্রোনামক ব্যবচ্ছেদক কহিয়াছেন যে আমি বারম্বার বালকেরদিগের দন্তের নাড়ীতে কোন এক রস নিঃক্ষেপ করিয়া দেখিয়াছি তাহাতে দন্তের মীনার অন্তর্ভাগ রক্তবর্ণ হইয়াছে। কিন্তু ইহা নিশ্চয় যে মঞ্জিষ্ঠার রস ভক্ষণদ্বারা দন্তের মীনাভাগ লালবর্ণ হয় না এবং কোনোপ্রক্ষিপ্ত বস্তু ঐ মীনাপর্য্যন্ত পহুঁছিতে পারে না তাহাতে বুঝা যায় যে ঐ মীনা নাড়ীরহিত।

॥ ৫ ॥ অপর দন্তের যে অস্থিবদংশদ্বারা দন্তের অন্তর্ভাগ

এবং গাত্র এবং গল এবং মূল নির্ম্মিত আছে তাহা অন্যাস্থিব ন্নির্ম্মিত কিন্তু অন্যান্য অস্থিবদংশাপেক্ষা অতিশক্ত এবং ঘন। দন্তদ্রব্য দন্তত্বপ্রাপ্ত হইলে মঞ্জিষ্ঠার রস ভক্ষণদ্বারা লালবর্ণ হয় না তৎপ্রযুক্ত এবং অতিসূক্ষ্ম কোনো দ্রববস্তু নিঃক্ষেপ করিলে দন্তের অস্থিবদ্বস্তুতে প্রবিষ্ট হয় না তৎপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে দন্তের অস্থিবদংশ তন্মীনাংশের ন্যায় নাড়ীময় নয় কিন্তু যখন আমরা বিবেচনা করিয়া দেখি যে দন্তের মূলভাগ অস্থিত্বচেতে বেষ্টিত এবং অন্যাস্থির স্ফীত স্থানের ন্যায় তন্মূলভাগ স্ফীত হয় তখন নিশ্চয়রূপে কহিতে পারি যে দন্তের দ্রব্যের নির্ম্মাণ এবং অন্যাস্থির নির্ম্মাণ অতিতুল্য এবং ইহাও কহিতে পারি যে ঐ দন্তের দ্রব্যের মধ্যদিয়া রসের গতায়াতের পথ আছে কিন্তু অতিদৃঢ়বস্তুপ্রযুক্ত নাড়ী আছে না আছে তাহার নিশ্চয় প্রমাণ দেওয়া যায় না।

॥ ৬ ॥ প্রত্যেক দন্তের এক২ কূপ আছে ঐ কূপেতে এক রক্তপ্রবাহকনাড়ী এবং এক রক্তাবাহকনাড়ী এবং এক শিরা বাস করে ঐ কূপ প্রথমত এক ক্ষুদ্রছিদ্রন্যায় কিন্তু পরেতে বৃদ্ধি পাইয়া দন্তের মধ্যস্থানেতে লুপ্ত হয়। বার্দ্ধক্যে কখন২ ঐ ছিদ্র বদ্ধ হয় তাহাতে মনুষ্যের দন্ত অব্যথনীয় হয়।

॥ ৭ ॥ অস্থিত্বচ দন্তের মূলাবধি স্থালীর কিঞ্চিদূর্দ্ধে যে স্থানে দন্তবেষ্টন দন্তের সহিত যুক্ত থাকে তৎপর্য্যন্ত বেষ্টন করিয়া থাকে ঐ অস্থিত্বচ কেবল দন্তের মূলভাগ বেষ্টিত হইয়া থাকে না কিন্তু স্থালীসকলের অন্তরভাগেও বেষ্টিত হইয়া থাকে তাহাতে ঐ অস্থিত্বচ উভয়ের কার্য্যসম্পাদক।

॥ ৮ ॥ ঐ সকল ছাড়াও দন্তসকল স্বস্বস্থালীতে দন্তবেষ্টনদ্বারা বদ্ধ ঐ দন্তবেষ্টন রক্তবর্ণ এবং নাড়ীময় এবং ঘন এবং স্থিতিস্থাপক এবং ঈষদ্ব্যথনীয়। বালকেরদিগের দন্তবেষ্টনেতে চতুর্দ্দিগে বিস্তৃত এক আইল আছে কিন্তু ঐ আইল গলিতদন্ত বৃদ্ধলোকেরদিগের মধ্যে লুপ্ত হয়।

॥ ৯ ॥ যৌবনপ্রাপ্ত ব্যক্তিরদের হনুতে এবং মাঢ়িতে স্থিত দন্ত সংখ্যা অষ্টাবিংশত্যবধি দ্বাত্রিংশৎপর্য্যন্ত থাকে ব্যবচ্ছেদকেরা ঐ দন্তসমূহের তিনপ্রকার সংজ্ঞা করিয়াছেন বিশেষতঃ ভেদন দন্ত এবং শ্বদন্ত এবং চর্ব্বণ অথবা পেষণ দন্ত *। ব্যবচ্ছেদকেরা হনুর এবং মাঢ়ির পুরোভাগে স্থিত চতুশ্চতুশ্চর্ব্বণদন্তের ভেদন দন্তসংজ্ঞা করিয়াছেন ঐ অষ্ট দন্তের প্রত্যেক দন্তেতে পার্শ্বদ্বয় আছে অর্থাৎ পুরঃপার্শ্ব অথচ ন্যুব্জ এবং পশ্চাৎপার্শ্ব অথচ কিঞ্চিদুত্তান ঐ উভয়পার্শ্ব অগ্রেতে কোণাকার হয় ঐ দন্তের আহার ভেদকরণ সামর্থ্যপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার ভেদনসংজ্ঞা করিয়াছেন ঐ সমস্ত দন্ত হনুতে মাঢ়ির দন্তাপেক্ষা অধিকপ্রশস্ত এবং স্থূল ঐ মাঢ়ির দন্ত কিঞ্চিত্তেৰ্চ্ছারূপে স্থিতপ্রযুক্ত হনুস্থিত দন্তের কিঞ্চিদ্বহির্গত হয়।

॥ ১০ ॥ শ্বদন্ত নামকদন্ত অন্য সমস্তদন্তহইতে দীর্ঘপ্রযুক্ত এবং কুকুরদন্তবৎপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা সে সকলের শ্বদন্তসংজ্ঞা করিয়া

* হন্তরনামক ব্যবচ্ছেদক অন্য ব্যবচ্ছেদকেরদিগের ঐ প্রকার দন্তভেদকরণ অন্যথা করিয়াছেন যেহেতুক তিনি পুরঃস্থিত চারি২ দন্তের পূর্ব্বনাম রাখিয়াছেন কিন্তু শ্বদন্তনামক দন্তের শঙ্কাগ্রাকার সংজ্ঞা করিয়াছেন। পুরাতন ব্যবচ্ছেদকেরা ঐ দন্তের পরে যে দন্তদ্বয় তাহার চর্ব্বণদন্তের সহিত গণনা করিয়া দ্বিশল্যাগ্রসংজ্ঞা করিয়াছেন এবং পাই পশ্চাৎস্থ যে উভয়পার্শ্বের ত্রিদন্ত তাহারদেরি কেবল পেষণ নাম রাখিয়াছেন।

ছেন ঐ শ্বদন্ত ভেদনদন্তের একং পার্শ্বে একং করিয়া হনুতে দুই এবং মাঢ়িতে দুই এরূপে চতুষ্টয় আছে। ঐ দন্তের মুলভাগ ভেদনদন্তের মুলভাগবৎ কিন্তু কিঞ্চিৎ বড় এবং আকারেতে ঘর্ষণ জন্যলুপ্তপার্শ্বভেদনদন্তবৎ তাহাতে তন্মূলভাগ সুচ্যাকৃতি।

॥ ১১ ॥ ঐ শ্বদন্ত ভেদনদন্তের ন্যায় ভক্ষ্যভেদনাযোগ্যপ্রযুক্ত এবং চর্ব্বণদন্তের ন্যায় ভক্ষ্যচর্ব্বণাযোগ্যপ্রযুক্ত অনুমান হয় যে সেই দন্ত ভক্ষ্যদংশনার্থে কিম্বা আক্রমণার্থে নির্ম্মিত হইয়াছে *।

॥ ১২ ॥ অপর চর্ব্বণ অথবা পেষণদন্ত হনুতে দশ এবং মাঢ়িতে দশ ঐ দন্ত বৃহৎপ্রযুক্ত এবং আকৃতিতে ভক্ষ্যচর্ব্বণক্ষমপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা সেই সকলের চর্ব্বণসংজ্ঞা করিয়াছেন। ভেদনদন্তের এবং শ্বদন্তের কেবল এক মুল কিন্তু হনুর পেষণদন্তেতে মুলদ্বয় এবং মাঢ়ির পেষণদন্তেতে মুলত্রয় আছে ঐ দন্তের মুল কখনং উপমুল দ্বয়েতে নির্ম্মিত হয় তাহাতে ব্যবচ্ছেদকেরা ঐ উপমূলের একং অগ্রের পৃথক্ং সংজ্ঞা করিয়াছেন।

॥ ১৩ ॥ শ্বদন্তনিকটস্থিত ঐ চর্ব্বণদন্তের উভয়পার্শ্বের দুই দন্ত উভয়পার্শ্বীয়ান্যদন্তত্রয়হইতে অনেক ভিন্ন এবং হন্তরনামক চিকিৎসককর্ত্তৃক ঐ সকল দন্তের অতিযথার্থরূপে দ্বিশল্যাকৃতি সংজ্ঞা কৃতা হইয়াছে। কখনং ঐ চর্ব্বণদন্তের কেবল এক মূল এবং ভেদনদন্ত এবং চর্ব্বণদন্তভিন্ন কিন্তু পরস্পর উভয়কার্য্যকারী ঐ দন্তের পরে যে চর্ব্বণদন্তদ্বয় সে তদপেক্ষা কিঞ্চিদ্বৃহৎ এবং

* হণ্টরনামক ব্যবচ্ছেদক ঐ দন্তের বিষয়ে কহিয়াছেন যে ঐ দন্ত আকারেতে এবং স্থানেতে এবং কার্য্যেতে সমস্ত জীবির মধ্যে প্রায় সমান। বিশেষতঃ অন্য জীবাপেক্ষা তৃণমাংসভক্ষক মনুষ্যাবধি অধিক মাংসভক্ষক সিংহপর্য্যন্ত ঐ শ্বদন্তের অতিতুল্যতা অনুমান হয়।

পঞ্চম অর্থাৎ পশ্চাৎস্থ উভয়পার্শ্বীয় চর্ব্বণদন্ত অন্যং চর্ব্বণদন্তহইতে খর্ব্ব এবং মনুষ্য বিংশতি বৎসর ঊর্দ্ধবয়স্ক না হইলে ঐ দন্ত দন্ত বেষ্টনহইতে নির্গত হয় না তৎপ্রযুক্ত এবং কথনং অতিরিক্ত বয়স্ক না হইলে নির্গত হয় না তৎপ্রযুক্তও ব্যবচ্ছেদকেরা সে সকলের সজ্ঞানদন্তসংজ্ঞা করিয়াছেন।

॥ ১৪ ॥ দন্তের নির্ম্মাণ এবং ব্যবস্থাবিষয়ে এই মত বিদ্যা প্রকাশিত আছে যে তদুপযুক্ত প্রসঙ্গকরণ অসাধ্য। তদভিপ্রায়প্রয়োধার্থে এই স্থানে এ বিষয়ে বিবেচনা বর্ত্তব্য যে হনু জাঁতির ন্যায় তাহার কব্জা অর্থাৎ ঐ জাঁতির দুই ভাগের বদ্ধস্থান তদ্বৎ শঙ্খাস্থির এবং হনুর সন্ধি। তাহা ছাড়াও এই স্থানে কথনোপযুক্ত যে ঐ হনুর শক্তি তৎপৃথকং মাংসপেশীহইতে উৎপন্ন হয় এবং ঊর্দ্ধ ক্রীড়াবিষয়ে ঐ হনুর শক্তি শঙ্খদেশের মাংসপেশী এবং চর্ব্বণোপকারী নামে মাংসপেশীহইতে উৎপন্ন হয় এবং ঐ হনুর ক্রীড়া বিষয় আহারাদি। ঐ পৃথকং বিষয় মনে রাখিয়া আমরা অতিসহজ রূপে অনুমান করিতে পারি যে ঐ চর্ব্বণদন্ত ক্রীড়াস্থানের নিকট বর্ত্তীপ্রযুক্ত অন্য সমস্ত দন্তহইতে অতিশয়শক্তিতে চর্ব্বণক্ষম হয় ঐ শক্তিছাড়াও ঐ চর্ব্বণদন্তের পেষণশক্তিও আছে ঐ পেষণ শক্তি প্রস্তরবদস্থিদেশের মাংসপেশীহইতে প্রাপ্ত হয় ঐ জন্যে যখন দন্তদ্বারা কোনো দৃঢ়বস্তু ভাঁগিতে চাই তখন তাহা চর্ব্বণদন্তের মধ্যে দি।

॥ ১৫ ॥ অপর শ্বদন্ত এবং ভেদনদন্ত হনুর ক্রীড়াস্থানহইতে দূরস্থিতপ্রযুক্ত চর্ব্বণদন্তের ন্যায় শক্তিপ্রকাশকরণে অক্ষম কিন্তু ঐ দন্ত

আহারভেদার্থে এবং ছেদনার্থে অতিসুনির্ম্মিত তাহাতে ঐ উভয় জাতীয় দন্তের আকার স্বস্বশক্তির ন্যূনতার পরীবর্ত্তনে হইয়াছে।

॥ ১৬ ॥ কোনং বালক এক কিম্বা দুই কিম্বা তিন কিম্বা চার দন্তের সহিত ভূমিষ্ঠ হইয়াছে কিন্তু ঐপ্রকার অত্যসম্ভবনীয় এবং কদাচ সপ্তম কিম্বা অষ্টম কিম্বা নবম মাস অতীত না হইলে দন্তের মধ্যে প্রথমোৎপন্নভেদনদন্ত দন্তকোষহইতে নির্গত হয় না কিন্তু সে যেমত হউক দন্তনির্গমচিহ্ন কথনং চতুর্থ কিম্বা পঞ্চম মাসেতে হয় এবং বিংশতি মাসে কিম্বা চতুর্ব্বিংশতি মাসে শ্বদন্ত এবং চর্ব্বণদন্তদ্বয় দর্শন দেয়।

॥ ১৭ ॥ বালকেরদিগের দন্তনির্গমসময়ে যেং কুলক্ষণ হয় তাহা দন্তকোষ্ঠের অধোভাগহইতে দন্তোদ্গমনপূর্ব্বক কোষ্ঠোত্তোলন প্রযুক্ত হয় তাহাতে ঐ দন্তকোষ্ঠ পীড়নদ্বারা অতিশয়জ্বালাবিশিষ্ট হইয়া রক্তবর্ণ হয় কিন্তু পরে ঐ পীড়নদ্বারা দন্তকোষ্ঠ ক্রমেং ক্ষয় পাইয়া দন্ত নির্গত হয়।

॥ ১৮ ॥ বালকেরদের দন্তোৎপত্তিপ্রযুক্ত যেং কুলক্ষণ হয় তাহা দন্তকোষ্ঠহইতে দন্তোত্থিতিনিবারণানুসারে কিম্বা দন্ত যেমত অল্প কিম্বা বহু একেবারে নির্গত হয় তদনুসারে হয়। যদ্যপি সমস্ত দন্ত একেবারে নির্গত হয় তবে বালকেরা তৎপীড়নজন্যব্যথা সহিষ্ণুতা করিতে পারে না কিন্তু ঈশ্বর ঐ সমস্ত দন্তের নির্গমনব্যবস্থা এইরূপ সুনিরূপণ করিয়াছেন যে দন্ত প্রায় সর্ব্বদা ক্রমেতে উৎপন্ন হয় এবং তাহাও কিঞ্চিৎকালানন্তর। ভেদনদন্তের মধ্যে যে দন্ত প্রথম উৎপন্ন হয় তাহা প্রায় সর্ব্বদা হনুতেই হয় তৎপরে শ্বদন্ত নির্গত হয় কিন্তু প্রায় সর্ব্বদা তৎপরে চর্ব্বণদন্তের মধ্যে কোনো একদন্ত প্রথমতঃ নির্গত হয়।

॥ ১৯ ॥ ঐ প্রথম উৎপন্ন বিংশতিদন্ত তাহার মধ্যে ছেদনদন্ত অষ্ট এবং শ্বদন্ত চতুষ্টয় এবং চর্ব্বণদন্ত অষ্ট। ব্যবচ্ছেদকেরা ঐ সকলের ক্ষণিক অথবা দুগ্ধদন্তসংজ্ঞা করিয়াছেন যেহেতুক ঐ দন্ত সপ্তবৎসরাবধি চতুর্দ্দশবৎসরের মধ্যে নির্গত হয় তৎপরে বহুকাল স্থায়ী দন্ত উৎপন্ন হয়। এই শেষকথিত দন্ত পূর্ব্বকথিত দন্তহইতে অতিঘন এবং বৃহন্মূলবিশিষ্ট।

॥ ২০॥ ঐ যৌবনাবস্থ্যদন্ত অন্যান্যস্থাল্যাধারাস্থিতে স্থিতপ্রযুক্ত তদূর্দ্ধস্থিত দুগ্ধদন্তের স্থালী ক্রমেং লুপ্ত হয় যথাক্রমে অধস্থিত স্থালী এবং তদ্দন্ত বৃদ্ধি পায় তাহাতে যখন দুগ্ধদন্ত অথবা উপরি স্থিত দন্ত সাহায্যরহিত হয় তখন আপনি গলিত হইয়া পড়ে।

॥২১॥ ঐ বিংশতি দুগ্ধদন্তের পরে যে বিংশতি দন্ত উপৎন্ন হয় সে সকলের সংখ্যা অন্য দ্বাদশ দন্তেতে বর্দ্ধিতা হয় বিশেষতঃ হনুতে এবং মাঢ়িতে উভয়পার্শ্বীয়ভাগচতুষ্টয়ে তিনং করিয়া দ্বাদশ চর্ব্বণদন্ত উৎপন্ন হয়। ঐ অধিক দ্বাদশ দন্তের স্থানার্থে হনু এবং মাঢ্যস্থি ক্রমেং কার্য্যানুসারে দীর্ঘত্বপ্রাপ্ত হয় তাহাতে যে বিধিদ্বারা বিংশতি দন্তেতে হনু এবং মাঢ়ি পূর্ব্বে পরিপূর্ণ ছিল সে বিধ্যনুসারে বোধ হয় যে পরে দ্বাবিংশতি দন্ত হইলেও কেবল তদ্রূপেই পরিপূর্ণ থাকে তাহাতে যৌবনাবস্থাপেক্ষা বাল্যাবস্থাতে মনুষ্যের মুখ গোলা কার এবং কিঞ্চিচ্চেপটা হয়।

॥ ২২ ॥ দন্তের নির্ম্মাণবিষয়ে আমরা কেবল ইহা কহিতে পারি যে চারি মাসের গর্ব্ভস্থ বালকের মধ্যে স্থাল্যাধারপুবর্দ্ধন জন্তাস্থ উত্তানানুদৈর্ঘ্যসীতার ন্যায় দেখা যায় ঐ সীতা অনেক ক্ষুদ্রং

আলিতে উপভেদিত হইয়া তদবটসকল নাড়ীময়ত্বচেতে বেষ্টিত একপ্রকার গাঢ়দ্রব্যেতে পরিপূর্ণ থাকে। ঐ গাঢ়দ্রব্য ক্রমেং অস্থিত্বপ্রাপ্ত হইয়া অধোভাগে ক্রমেং দীর্ঘীভূত হইয়া দন্তীভূত হইলে পর মীনাত্বচেতে বেষ্টিত হওনের উপক্রম হয়। ঐ শেষ কথিত মীনাকৃতি বস্তু কিপ্রকারে উৎপন্ন এবং কিপ্রকারে ব্যবস্থিত তাহা কথনে আমরা অক্ষম।

॥ ২৩ ॥ যৌবনাবস্থায় দন্তের প্রথমোৎপন্ন বস্তু কথনং গর্ভস্থ সময়ে উৎপন্ন হয় যেহেতুক প্রায় সর্ব্বদা অষ্টম মাসের গর্ভস্থ বালকেতে আমরা একটা ভেদনদন্তোত্পাদক গাঢ়বস্তু দেখিতে পাই এবং ঐ গাঢ়বস্তুতে জন্মের কিঞ্চিৎপরে অস্থিত্বপ্রাপণের উপক্রম হয়। পঞ্চম কিম্বা ষষ্ঠ বৎসরে প্রথমোৎপন্ন শল্যাগ্রদন্তের অস্থিত্বপ্রাপণের উপক্রম হয় এবং দ্বিতীয় শল্যাগ্রদন্তদ্বয় সপ্তম বৎসরে অস্থিত্ব প্রাপ্ত হয় এবং ঐ ব্যবস্থানুসারে প্রথমচর্ব্বণদন্ত দ্বাদশবৎসরবয়স্কে দন্তকোষ্ঠহইতে নির্গত হয় এবং দ্বিতীয় অষ্টাদশ বৎসরবয়স্কে এবং তৃতীয় অর্থাৎ সজ্ঞানদন্ত বিংশতি বৎসরাবধি ত্রিংশদ্বৎসর মধ্যে প্রায় সর্ব্বদা নির্গত হয়।

॥ ২৪ ॥ দন্ত অন্যং অস্থির ন্যায় রোগগ্রস্ত হয় এবং স্বস্বরীত্যনুসারে বয়সাধিক্য হইলে দন্ত আপনাপনি খসিয়া পড়ে যেহেতুক যেরূপ মনুষ্য ক্রমেং বৃদ্ধ হয় তদ্দ্বারানুসারে দন্তস্থালী সকল ক্রমেং পূর্ণ হয় তাহাতে অধিক ভেদনদন্ত গলিত হয় তাহাতে চিবুক দীর্ঘীভূত হইয়া মুখ খর্ব্ব হয়।

## অষ্টাবিংশতিতম প্রকরণ।

### উপসিলনাকারাস্থির নিদর্শন *।

॥১॥ ঐ অস্থি জিহ্বার মূলভাগে স্থিত এবং উপসিলন্ অক্ষরাকারপ্রযুক্ত প্রাচীন ব্যবচ্ছেদকেরা ঐ অস্থির তৎসংজ্ঞা করিয়াছেন।

॥২॥ ঐ অস্থির মধ্যে ব্যবচ্ছেদকেরা তদ্গাত্র এবং তচ্ছৃঙ্গ এবং তৎসংলগ্নদ্রব্য ইত্যাদি বলিয়া তৎখণ্ডের ভেদ করিয়াছেন।

॥৩॥ ঐ অস্থির গাত্রভাগ অন্যভাগহইতে প্রশস্ত এবং এই মত স্থানে স্থিত যে মুখে অঙ্গুলি দিলে তাহা অনায়াসে স্পর্শ করা যায়। ঐ অস্থির পুরোভাগ অসমানরূপে নুব্জ এবং অন্তর্ভাগ অসমানরূপে উত্তান ঐ অস্থিশৃঙ্গ কিঞ্চিচ্চেপ্টা এবং নত এবং তদ্গাত্র হইতে অনেক দীর্ঘীভূত হইয়া ঐ উপসিলন্ অক্ষরাকারাস্থির পার্শ্বরূপ হয়। বিন্শ্লোনামে চিকিৎসক এবং অন্যং গ্রন্থকর্ত্তারা ঐ অস্থির সংলগ্ন ভাগের উপশৃঙ্গ সংজ্ঞা করিয়াছেন ঐ উপশৃঙ্গরূপপ্রবর্দ্ধন দ্বয় ঐ অস্থির গাত্রহইতে এবং তৎশৃঙ্গের সন্ধিস্থানহইতে নির্গত হইয়া প্রায় সর্ব্বদা উভয়পার্শ্বস্থ চঞ্চুকাকারপ্রবর্দ্ধনের সহিত বন্ধনী দ্বারা সংযুক্ত আছে।

॥৪॥ ঐ অস্থির প্রয়োজন এইং তদ্দ্বারা জিহ্বা ঊর্দ্ধ্বাহিতা হয় এবং তাহাতে অনেক মাংসপেশী বদ্ধ থাকে ঐ মাংসপেশীর মধ্যে কতকং জিহ্বার এবং অন্যং কণ্ঠনলীর ক্রীড়নার্থে।

---

* ঐ অস্থি মস্তকাস্থির কিম্বা অন্য কোনো ভাগের অস্থির সহিত গণ্য নয়। বার্ত্তোলিননামক চিকিৎসক কণ্ঠের অস্থির মধ্যে ঐ অস্থির নির্ণয় করিয়াছেন কিন্তু অন্যং ব্যবচ্ছেদকেরা যেরূপ নির্ণয় করিয়াছেন তদ্রূপ এস্থানে মুখাস্থির সহিত নির্ণয় করি।

## তৃতীয়াধ্যায়।

### ঊনত্রিংশত্তম প্রকরণ।

গাত্রাস্থির নিদর্শন।

॥১॥ ব্যবচ্ছেদকেরা কঙ্কালাস্থিতে কশেরুকা এবং বক্ষোস্থি এবং উপস্থাস্থি বিশেষিয়া নির্ণয় করিয়াছেন।

## তৃতীয়াধ্যায়ের প্রথম পর্ব্ব।

### ত্রিংশত্তম প্রকরণ।

কশেরুকার নিদর্শন।

॥১॥ কশেরুকা অনেক আবর্ত্তকাস্থিদ্বারা নির্ম্মিত হইয়া ঈষদ্বক্র স্তম্ভের ন্যায় আছে ঐ কশেরুকাস্তম্ভ মস্তকাবধি শরীরের গাত্রের অধোভাগপর্য্যন্ত যায় এবং যে স্থানে কশেরুকার অধস্থাবর্ত্তকা কশেরুকামূলসহিত সংযুক্ত সেই কটিদেশে পরস্পর সংমিলিত অস্যমান অগ্নিশিখাকৃত্যাংশদ্বয়েতে নির্ম্মিত আছে।

॥২॥ ব্যবচ্ছেদকেরা ঐ শিখার মধ্যে সর্ব্বাপেক্ষা দীর্ঘশিখা অথচ কশেরুকার ঊর্দ্ধভাগস্থিত আবর্ত্তকাস্থি সকলের যথার্থাবর্ত্তকা সংজ্ঞা করিয়াছেন যেহেতুক ঐ আবর্ত্তকাস্থি অধঃশিখাস্থিত আবর্ত্তকাস্থির

সদৃশ নয় ঐ অধঃশিখাস্থিতাবর্ত্তক বার্দ্ধক্যাবস্থায় অচলপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা সে সকলের অযথার্থাবর্ত্তকসংজ্ঞা করিয়াছেন। কশেরুকার আবর্ত্তকদ্বারা শরীর একপার্শ্বহইতে অন্যপার্শ্বে ক্রীড়া করে অতএব চিকিৎসকেরা ঐ কশেরুকাবয়বের আবর্ত্তকসংজ্ঞা করিয়াছেন।

॥ ৩ ॥ ব্যবচ্ছেদকেরা কশেরুকার আবর্ত্তকের তিন অংশ করিয়াছেন প্রথমতঃ গ্রীবাবর্ত্তক দ্বিতীয়তঃ পৃষ্ঠাবর্ত্তক তৃতীয়তঃ কটাবর্ত্তক। অযথার্থাবর্ত্তকের মধ্যে ব্যবচ্ছেদকেরা কশেরুকামূলাংশ এবং ত্রিক এই দুই গণনা করিয়াছেন।

॥ ৪ ॥ অন্যং অস্থির নিদর্শনকালে যেরূপ প্রত্যেক অস্থির গাত্র এবং প্রবর্দ্ধন এবং নিম্নতা ব্যাখ্যা করিয়াছি তদ্রূপ এই স্থানে কশেরুকার প্রত্যেক আবর্ত্তকের গাত্র এবং তৎপ্রবর্দ্ধন এবং তন্নিম্নতা ব্যাখ্যাকরণোপযুক্ত।

॥ ৫ ॥ প্রত্যেক আবর্ত্তক পুরোভাগে ন্যুব্জ এবং যে স্থানে তদ্দ্বারা কশেরুকার ছিদ্র নির্ম্মিত সেই স্থানের পশ্চাদ্ভাগে কিঞ্চিদুত্তান এবং অনুপ্রস্থরূপে ছিন্ননলবৎ।

॥ ৬ ॥ কশেরুকার প্রত্যেক আবর্ত্তকেতে সপ্ত প্রবর্দ্ধন আছে প্রথম প্রবর্দ্ধন ঐ আবর্ত্তকের পশ্চাদ্ভাগে স্থিত এবং তদাকারানুসারে ব্যবচ্ছেদকেরা ঐ প্রবর্দ্ধনের কশেরুকাকৃতিপ্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন। ঐ প্রবর্দ্ধনের উভয়পার্শ্বে অন্য দুই প্রবর্দ্ধন আছে ঐ প্রবর্দ্ধনদ্বয়ের কশেরুকার সহিত স্থিত্যনুসারে ব্যবচ্ছেদকেরা সেই সকলের অনুপ্রস্থপ্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন এবং অন্য প্রবর্দ্ধন চতুষ্টয়ের তের্চা অথবা সন্ধিপ্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন ঐ শেষ

কথিত প্রবর্দ্ধন কশেরুকাকৃতিপ্রবর্দ্ধনহইতে এবং অনুপ্রস্থগামি প্রবর্দ্ধনহইতে অনেক ক্ষুদ্র। ঐ প্রবর্দ্ধনের মধ্যে প্রবর্দ্ধনদ্বয় আবর্ত্তকের ঊর্দ্ধ্বভাগে স্থিত এবং অন্য দুই অধোভাগে স্থিত হইয়া অনুপ্রস্থগামিপ্রবর্দ্ধনের মূলভাগহইতে উৎপন্ন হয়। ঐ প্রবর্দ্ধনাচুষ্টয় অন্যপ্রবর্দ্ধনের সহিত যেরূপে সংযুক্ত তাহা অনুমান করিয়া ব্যবচ্ছেদকেরা সেই সকলের তের্চাপ্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন এবং এক অন্যের সহিত যেরূপে সংলগ্ন তদুদ্দেশ করিয়া ব্যবচ্ছেদকেরা কখনং ঐ প্রবর্দ্ধনের সন্ধিপ্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন যেহেতুক কশেরুকার মধ্যে অধঃস্থাবর্ত্তকের ঊর্দ্ধ্বস্থপ্রবর্দ্ধনদ্বয়ের ঊর্দ্ধ্বস্থাবর্ত্তকের অধঃস্থপ্রবর্দ্ধনের সহিত সন্ধি হয়। ঐ প্রত্যেক প্রবর্দ্ধন সন্ধিস্থানে উপাস্থিদ্বারা আচ্ছাদিত এবং পরস্পর সন্ধিস্থানে কুব্জাকৃতি।

॥ ৭ ॥ কশেরুকার প্রত্যেকাবর্ত্তকের গাত্রের এবং প্রবর্দ্ধনের মধ্যস্থানে অঙ্গুলি প্রবিষ্ট হয় এইরূপ এক রন্ধ্র দেখা যায় ঐ আবর্ত্তকের প্রত্যেক রন্ধ্র পরস্পর সংমিলিত হইলে তাহাতে কশেরুকা মজ্জাধারিণী প্রণালিকা কৃত হয়। অপর কশেরুকার প্রত্যেক আবর্ত্তকেতে খাঁজচতুষ্টয় করিয়া আছে ঐ খাঁজের মধ্যে খাঁজদ্বয় আবর্ত্তকের ঊর্দ্ধ্বভাগে এবং অন্যখাঁজদ্বয় অধোভাগে তের্চাপ্রবর্দ্ধনের এবং তৎগাত্রের মধ্যস্থানে আছে। ঐ প্রত্যেক খাঁজ ঊর্দ্ধ্বস্থ এবং অধঃস্থ আবর্ত্তকের অন্যং খাঁজের সহিত মিলিত হইয়া কশেরুকামজ্জাহইতে নির্গতরক্তনাড়ীর এবং শিরার গমনপথ হয়।

॥ ৮ ॥ বাল্যাবস্থায় কশেরুকার প্রত্যেকাবর্ত্তক বন্ধনাবৎ একপ্রকার বস্তুতে সংলগ্ন থাকে কিন্তু যৌবনাবস্থায় ঐ বস্তু উপাস্থি

সদৃশ হয়। ঐ কশেরুকার প্রত্যেকাবর্ত্তকের সন্ধ্যন্তর্গত বস্তু কশেরুকার অন্যাংশাপেক্ষা কট্যংশে অতিস্থূল যেহেতুক অন্যান্যাবর্ত্তকাপেক্ষা ঐ স্থানাবর্ত্তকের অধিক ক্রীড়াবশ্যক। ঐ আবর্ত্তকসন্ধ্যন্তর্গতবস্তু অতিস্থিতিস্থাপক তাহাতে শরীর অত্যনায়াসে নত এবং বিস্তৃত হয় এবং তদ্দ্বারা অগ্রপশ্চাদ্দিগে, এবং উভয়পার্শ্বদিগে শরীরের ক্রীড়া সুগম হয়। ঐ স্থিতিস্থাপক পুকৃতিপুযুক্ত যাহারা বহুকাল দণ্ডায়মান কিম্বা বহুভারবাহক তাহারা তৎপরে বহুকাল শয়ন করিলে খর্ব্ব হয় যেহেতুক শয়নাপেক্ষা বহুকালদণ্ডায়মান থাকিলে কিম্বা ভারাক্রান্ত হইলে ঐ অবস্থায় আবর্ত্তকসন্ধ্যন্তগতোপাস্থিসকল অধিক খর্ব্বত্বপ্রাপ্ত হয়।

॥ ৯ ॥ বৃদ্ধাবস্থায় ঐ আবর্ত্তকসন্ধ্যন্তর্গতোপাস্থিসকল সঙ্কুচিত হয় এবং উত্তরোত্তর অস্থিতিস্থাপক হয় ইহাতে করিয়া বৃদ্ধবয়স্কমনুষ্য খর্ব্বত্বপ্রাপ্ত হয় এবং পুরোদিগে নমিত হয়।

॥ ১০ ॥ কশেরুকার প্রত্যেকাবর্ত্তক তৎসন্ধ্যন্তর্গত সংলগ্নকারি উপাস্থিভিন্নও কশেরুকার বহির্ভাগে এবং অন্তভাগে প্রত্যেকাবর্ত্তকসংলগ্নকারি অনেক দুশ্ছেদনীয় বন্ধনী আছে তাহা ছাড়াও ঐ কশেরুকার প্রত্যেকাবর্ত্তকের সন্ধি কশেরুকাবেষ্টনকারি অনেক দুশ্ছেদনীয় মাংসপেশীতে অতিদৃঢ়রূপে বদ্ধ আছে।

॥ ১১ ॥ কশেরুকার প্রত্যেকাবর্ত্তক যেরূপে উত্তরোত্তর বৃদ্ধি পায় তদ্রূপে ক্রমেং গুরুতারহিত হইয়া অল্পদৃঢ়ত্বপ্রাপ্ত হয় তাহাতে কশেরুকার অধঃস্থিত আবর্ত্তক তৎক্রমানুসারে অন্য সমস্ত আবর্ত্তক হইতে বড় হইলেও ঊর্দ্ধস্থিত আবর্ত্তক সদৃশ ভারি নয়। ঐ রূপে কশেরুকার আবর্ত্তক ভারের বৃদ্ধিপ্রাপ্তিব্যতিরেকে আকারের বৃদ্ধি

পাইতে পারে। কশেরুকাবর্ত্তকেতে ঐ প্রকার প্রকৃতির অত্যাবশ্যক যেহেতুক কশেরুকাতে স্থিতিস্থাপকতা এবং নম্রতাভিন্ন লঘুত্বেরও অত্যাবশ্যকতা আছে।

॥ ১২॥ বাল্যাবস্থায় কশেরুকার প্রত্যেকাবর্ত্তক পরেতে অস্থি প্রাপক এমত উপাস্থিতে সংযুক্তাস্থিত্রয়েতে নির্ম্মিত।

—o—

## একত্রিংশত্তম প্রকরণ।

### গ্রীবাবর্ত্তকের নিদর্শন।

॥ ১॥ গ্রীবাতে সপ্তাবর্ত্তক আছে ঐ আবর্ত্তক কশেরুকার আবর্ত্তকাপেক্ষা অতিদৃঢ়। ঐ আবর্ত্তকের তের্চাপ্রবর্দ্ধন মাংসপেশী গ্রহণার্থে দ্ব্যগ্রীকৃত আছে এবং তদধোভাগে গ্রীবার রক্তপ্রবাহক এবং রক্তাবাহকনাড়ীগমনার্থ এক ছিদ্র আছে। ঐ গ্রীবাবর্ত্তকের মধ্যে প্রথম এবং দ্বিতীয় আবর্ত্তকের কিঞ্চিদ্বিস্তার করিয়া নির্ণয়করণ কর্ত্তব্য ঐ আবর্ত্তকদ্বয়ের মধ্যে প্রথমাবর্ত্তক প্রায় ডিম্বাকার এবং তাহার ঊর্দ্ধপৃষ্ঠে তৎসহিতসংযুক্ত পশ্চাৎকপালাস্থির পর্ব্বধারণ কারী দুই অবট আছে। ব্যবচ্ছেদকেরা ঐ আবর্ত্তকের মস্তক ধারণধর্ম্মপ্রযুক্ত বাহকাবর্ত্তকসংজ্ঞা করিয়াছেন ঐ আবর্ত্তক অঙ্গুরীয়কাকৃতিপ্রযুক্ত তাহার গাত্র কিম্বা প্রবর্দ্ধন বর্ণনা হয় না। পুরোভাগে যেস্থানে দ্বিতীয়াবর্ত্তকের দন্তাকৃতিপ্রবর্দ্ধনের সহিত ঐ আবর্ত্তক সংমিলিত সেইস্থানে অতিপাতল এবং তদূর্দ্ধপৃষ্ঠে ঐ আবর্ত্তকের পশ্চাৎকপালপর্ব্বধারিণী দুই নিম্নতা আছে ঐ সংমিলনদ্বারা মস্তক পুরঃ এবং পশ্চাদ্দিগে ক্রীড়া করে কিন্তু অন্যদিগে ক্রীরা করণে অল্পসমর্থ।

॥২॥ ব্যবচ্ছেদকেরা গ্রীবাবর্ত্তকের মধ্যে দ্বিতীয় আবর্ত্তকের দন্তাকৃতিসংজ্ঞা করিয়াছেন যেহেতুক ঐ আবর্ত্তকের ঊর্দ্ধ এবং পুরোভাগে দন্তাকৃতিপ্রবর্দ্ধন আছে ঐ দন্তাকৃতিপ্রবর্দ্ধন বাহকাবর্ত্তকের সহিত সংযুক্ত তাহাতে গ্রীবাবর্ত্তকের দ্বিতীয়াবর্ত্তক তদক্ষ হয় ঐ দন্তাকৃতিপ্রবর্দ্ধন নলাকৃতি এবং পুরঃপশ্চাভাগে কিঞ্চিচ্চেপ্টা। ঐ দান্তাকৃতিপ্রবর্দ্ধনের পুরোভাগে যে স্থানে ঊর্দ্ধবাহকপ্রবর্দ্ধন তদ্গ্রহণ করে সেই স্থানে অতিচিক্কণ এবং উত্তান এক ক্রীড়ার্থক স্থান আছে ঐ সংযোগদ্বারা মস্তক চতুর্দ্দিগে ক্রীড়াকরণে সমর্থ তাহাতে ঊর্দ্ধবাহকাবর্ত্তক দন্তাকৃতিপ্রবর্দ্ধনের উপর অক্ষাগ্রের ন্যায় ক্রীড়া করে কিন্তু যখন ঐ ক্রীড়া অতিশয় হয় অর্থাৎ যখন মস্তক দক্ষিণে কিম্বা বামে অন্যসময়াপেক্ষা অধিক ক্রীড়া করে তখন তাহা গ্রীবার তাবদাবর্ত্তকের সাহায্য করে নহিলে ক্রীড়াসময়ে প্রথম আবর্ত্তকদ্বারা কশেরুকার মজ্জার অনুপ্রস্থরূপে ভেদ হওনের অনেক আশঙ্কা আছে।

॥৩॥ গ্রীবাবর্ত্তকের প্রত্যেক আল্যাকৃতিপ্রবর্দ্ধন কশেরুকার অন্যং আবর্ত্তকাপেক্ষা অতিখর্ব্ব এবং তৎসন্ধিপ্রবর্দ্ধনসকল কিঞ্চিৎ তেচাকার।

—০—

## দ্বাত্রিংশত্তম প্রকরণ।

### পৃষ্ঠাবর্ত্তকের নিদর্শন।

॥১॥ কশেরুকার পৃষ্ঠাংশে দ্বাদশ আবর্ত্তক আছে এবং ঐ সকল আবর্ত্তক গ্রীবাবর্ত্তকহইতে এবং কট্যাবর্ত্তকহইতে কিঞ্চিৎ ক্ষুদ্র ঐ

পৃষ্ঠাবর্ত্তকসকলের পার্শ্বেতে অবটদ্বয় আছে তাহার মধ্যে এক অবট ঐ আবর্ত্তকের অধোভাগে এবং অন্যাবট ঊর্দ্ধভাগে স্থিত হইয়া ঊর্দ্ধস্থ এবং অধঃস্থ অন্যাবর্ত্তকে তদাকৃত্যবটের সহিত সংমিলিত হইয়া এবং উপাস্থিতে আচ্ছাদিত হইয়া পর্শুকাক্রীড়ার্থক স্থান হয় এবং পৃষ্ঠের শেষাবর্ত্তকদ্বয়ব্যতিরেকে ঐ আবর্ত্তকের তের্য্যগামি প্রবর্দ্ধনের পুরোভাগে পর্শুকাপ্রবর্দ্ধন গ্রহণার্থে ক্রীড়ার্থক এক অতি সুনির্ম্মিত স্থান দেখা যায়।

—০—

## ত্রয়স্ত্রিংশত্তম প্রকরণ।

### কট্যাবর্ত্তকের নিদর্শন।

॥১॥ কট্যাবর্ত্তক পঞ্চসংখ্যক তাহারা অন্যাবর্ত্তকহইতে কিছু বড় এবং এই বিষয়েও কিছু ভিন্ন অর্থাৎ অন্যাবর্ত্তকের প্রবর্দ্ধনাপেক্ষা সে সকলের কশেরুকাকৃতিপ্রবর্দ্ধন কিঞ্চিদ্দূরস্থিত। অন্যাবর্ত্তকাপেক্ষা কট্যাবর্ত্তকেতে কশেরুকার অধিক ক্রীড়াবশ্যক আছে তাহাতে যদ্যপি ঐ আবর্ত্তকসমস্ত তাদৃগ্ দূরস্থিত না হইত তবে তদ্রূপ ক্রীড়াসমর্থ হইত না।

—০—

## চতুস্ত্রিংশত্তম প্রকরণ।

### কশেরুকামূল নিদর্শন।

॥১॥ ঐ কশেরুকামূল বাল্যাবস্থায় পঞ্চ কিম্বা ষট্‌খণ্ডে নির্ম্মিত কিন্তু যৌবনাবস্থায় ঐ সকল অস্থি সংযুক্ত হইয়া একাস্থি হয়।

॥ ২ ॥ ঐ কশেরুকামূল কোণাকার এবং তদধোভাগ পুরোদিগে নত ঐ কশেরুকামূলে ঊর্দ্ধভাগে কট্যাবর্ত্তকাধঃস্থাবর্ত্তকসহিত সংযুক্ত তের্চ্চাগামিপ্রবর্দ্ধনদ্বয় আছে এবং ঐ কশেরুকার মূলেতে অন্য ভিন্ন আল্যাকার প্রবর্দ্ধনও আছে ঐ প্রবর্দ্ধনত্রয় ক্রমেতে ক্ষুদ্রং হয় তাহাতে অধঃস্থ প্রবর্দ্ধনমধ্যস্থ প্রবর্দ্ধনের মত এবং মধ্যস্থ প্রবর্দ্ধন ঊর্দ্ধস্থ প্রবর্দ্ধনের মত দীর্ঘীভূত নয়। ঐ কশেরুকামূলের তের্চ্চা প্রবর্দ্ধনেতে এক দীর্ঘীভূত প্রবর্দ্ধন আছে ঐ প্রবর্দ্ধন অধোগামী হওত ক্রমেং ক্ষুদ্র হয় ঐ কশেরুকামূলাংশের উত্তান অথবা পুরঃ পার্শ্ব সর্ব্বদা অতিসমান কিন্তু বহিঃপৃষ্ঠে অথবা ন্যুব্জপৃষ্ঠে অনেক উচ্চীভূত স্থানের মধ্যে পূর্ব্বকথিত আল্যাকারপ্রবর্দ্ধনসকল অতি গণনীয় ঐ প্রবর্দ্ধনসমস্ত পশ্চাদ্ভাগে মাংসপেশীতে এবং স্নায়ুবন্ধস্তুতে পরিপূর্ণ।

॥ ৩ ॥ ঐ কশেরুকামূলেতে পাঁচ যোড়া ছিদ্র আছে ঐ ছিদ্রের মধ্যদিয়া কশেরুকামজ্জাহইতে নির্গতরক্তনাড়ী এবং অন্যং শিরা গমনাগমন করে ঐ কশেরুকার মজ্জা তন্মূলাংশে ত্রিকোণাকারখাতেতে থাকে ঐ খাত অধোগামী হইয়া কশেরুকামূলাংশের অধোভাগে তের্চ্চাগামী হইয়া লুপ্ত হয়। ঐ কশেরুকামূলের তৃতীয়খণ্ডের অধোভাগে তন্মূলাংশ অন্যাস্থির ন্যায় অস্থিত্বপ্রাপ্ত নয় তাহাতে পশ্চাদ্ভাগে কশেরুকার রন্ধ্র কেবল এক দৃঢ় ত্বচদ্বারা রুদ্ধ তাহাতে ঐ স্থানে মনুষ্যের আঘাত হইলে অতিশয় মর্ম্মান্তিকী পীড়া হয়।

॥ ৪ ॥ ঐ কশেরুকামূল উভয়পার্শ্বে শ্রোণিফলকাস্থির অথচ

সামান্যভাবায় কাঁকাল্যাস্থির সহিত এবং অধোভাগে ত্রিকের সহিত সংযুক্ত।

---

## পঞ্চত্রিংশত্তম প্রকরণ।

### ত্রিকের নিদর্শন।

॥১॥ বাল্যাবস্থায় ঐ ত্রিকাস্থি কশেরুকামূলসদৃশ অস্থিত্রয়েতে কিম্বা চতুষ্টয়দ্বারা নির্ম্মিত কিন্তু যৌবনাবস্থায় ঐ পৃথকং অস্থি একাস্থি হয়।

।২॥ ঐ ত্রিকের উপরি গুদোর্দ্ধগামিসরলান্ত্র নির্ভর করে কশেরুকামূলের সন্ধিস্থানে ত্রিকের ঐ ক্রীড়াসমর্থতাপ্রযুক্ত এবং পুরোদ্দিগে নততাপ্রযুক্ত মনুষ্য অনায়াসে আসনোপবেশনে সমর্থ।

॥৩॥ ঐ ত্রিকাস্থি প্রায় ত্রিকোণাকার এবং ঊর্দ্ধভাগে প্রশস্ত হইয়া উত্তরোত্তর তদগ্রপর্য্যন্ত সূক্ষ্ম হয় তাহাতে তাহা অধোভাগে কনিষ্ঠাঙ্গুলিহইতে অধিক স্থূল নয়।

॥৪॥ কোনং ব্যবচ্ছেদকেরা ত্রিকাস্থির কোকিলচঞ্চ্বাস্যানুরূপে তৎ সংজ্ঞা করিয়াছেন। ঐ অস্থি কশেরুকার অন্যং আবর্ত্তকের মত নয় যেহেতুক তাহাতে কোনো প্রবর্দ্ধন নাই এবং কশেরুকার মজ্জাধারি কোনো রন্ধ্রও নাই এবং শিরানির্গমনার্থে কোনো ছিদ্রও নাই।

॥৫॥ ব্যবচ্ছেদপ্রজ্ঞেরদিগের মতানুসারে কশেরুকার নিদর্শন সমাপ্তি হইয়াছে কিন্তু ঐ কশেরুকা অনেক বৃহদ্বিষয়ক এবং আবশ্যককার্য্যের নিমিত্তে নির্ম্মিত হইয়াছে ইহা অতি প্রমান। ঐ

কশেরুকার মজ্জা তদস্থিবিশিষ্ট প্রণালীতে স্থিতপ্রযুক্ত হঠাৎ তাহাতে কোনো আঘাতদ্বারা হিংসা হয় না। ঐ কশেরুকানিমিত্তে উদরস্থিত এবং বক্ষোমধ্যস্থিত অন্ত্রপ্রভৃতি অতিসুরক্ষিত আছে এবং তদুপরি মস্তকের নির্ভর এবং তদ্দ্বারা তাবচ্ছরীর দৃঢ়ত্ব প্রাপ্ত হয়।

॥৬॥ পূর্ব্বে আমরা কশেরুকাকে ঈষদ্বক্রাকৃতি কহিয়াছি যেহেতুক কশেরুকার তদ্রূপ আকার বিশেষতঃ গ্রীবাংশে ঐ কশেরুকা মস্তকধারণার্থে পুরোদিগে কিঞ্চিন্নত তাহা না হইলে মস্তক ধারণার্থে অনেক মাংসপেশীর আবশ্যক হইত। অপর গ্রীবাংশের অধঃ পৃষ্ঠদেশে নত হইয়া কিঞ্চিৎপশ্চাদ্গামি হওনেতে ঐ কশেরুকার বক্রতাপ্রযুক্ত বক্ষের উদর বর্দ্ধিত হয়। তাহার পরে ঐ কশেরুকা কটিদেশে পুনর্ব্বার পুরোগামিনী হইয়া ভারেরকেন্দ্রপ্রাপ্ত হয় তাহাতে মনুষ্য অনায়াসে দণ্ডায়মান হইতে পারে যেহেতুক কশেরুকার যদ্যপি অন্য কোনো আকৃতি হইত তবে মনুষ্য দণ্ডায়মানহওনে অসমর্থ হইয়া পুরোদিগে সর্ব্বদা পতনে আশঙ্কিত হইত। অপর ঐ কশেরুকা পুনশ্চ অধোভাগে পশ্চাদ্গামিনী হইয়া উদরাধোভাগবর্দ্ধনকারিণী হয় তাহাতে ব্যবচ্ছেদকেরা উদরের ঐ অধঃপশ্চাদ্ভাগের বস্তিসংজ্ঞা করিয়াছেন যেহেতুক তাহাতে ক্লোম এবং গুদোর্দ্ধগামিসরলান্ত্র এবং অন্যং আধার স্থানস্থিত আছে।

॥৭॥ ঐ স্তম্ভরূপ কশেরুকাস্থি যদ্যপি একাস্থিমাত্রেতে নির্ম্মিত হইত তবে ব্যবস্থিতাকৃত্যপেক্ষা কোনো আঘাতপ্রাপ্ত হইলে অত্যনায়াসে ভগ্ন হইত এবং যদ্যপি ঐ কশেরুকাস্থি চলনাক্ষম হইত

তবে অনেক প্রকার ক্রীড়ার নিবারণ হইত কিন্তু ব্যবস্থিতমতে নির্ম্মিতপ্রযুক্ত এবং এইক্ষণ অনেক আবর্ত্তকদ্বারা কৃতপ্রযুক্ত অনেক প্রকার ক্রীড়া অনায়াসে করিতে পারে।

॥ ৮ ॥ ঐ কশেরুকার ভাবদাবর্ত্তক অতিদৃঢ়রূপে সংযুক্ত তথাপি নমনোপযুক্ত তাহাতে যদ্যপি মনুষ্য মস্তকে কোনো ভারী ভার গ্রহণ করে তবে ঐ ভারানুসারে মাংসপেশীদ্বারা ঐ কশেরুকার গ্রীবাবর্ত্তক যেমত একাস্থিকৃত তদ্রূপ শক্ত হয়। অপরও কোনো বস্তুগ্রহণার্থে নত হওনবিষয়ে কিম্বা এক পার্শ্বহইতে অন্যপার্শ্বে গাত্র ফিরাওনবিষয়ে যেরূপ পৃথক্‌২ অস্থিতে কৃত তদ্রূপ কশেরুকা চতুর্দ্দিগে ক্রীড়নক্ষম।

॥ ৯ ॥ অপর ঐরূপ অনেক আবর্ত্তকেতে কৃত এবং ঐরূপ অনেক প্রকার ক্রীড়নার্থে নির্ম্মিত যে কশেরুকা অনুমান হয় যে তদস্থি ভঞ্জনাপেক্ষা তাহার সন্ধিস্থানচ্যুতহওনের অধিক আশঙ্কা আছে কিন্তু তাহা নয় যেহেতুক কশেরুকার প্রত্যেক প্রবর্দ্ধনজন্যে এবং প্রত্যেকাবর্ত্তকসংযোগকারিণীবন্ধনীজন্যে এবং তদুপাস্থিজন্যে কশেরুকা কোনোদিগে ক্রীড়া করিলেও তৎসন্ধিস্থানচ্যুত হওনের কোনো আশঙ্কা নাই।

## তৃতীয়াধ্যায়ের দ্বিতীয় পর্ব্ব।

### ষট্‌ত্রিংশ প্রকরণ।

বুকুদেশাস্থির নিদর্শন।

॥ ১ ॥ বুকুদেশ অনেকাস্থিতে নির্ম্মিত বিশেষতঃ পুরোভাগেতে

বুকাস্থিতে এবং একং পার্শ্বেতে দ্বাদশ পার্শুকাতে এবং তৎপশ্চাদ্ভাগ পৃষ্ঠদেশীয় কশেরুকাবর্ত্তকদ্বারা নির্ম্মিত ঐ আবর্ত্তকের ব্যাখ্যা পূর্ব্বে করা গিয়াছে।

## সপ্তত্রিংশত্তম প্রকরণ।

### বুকাস্থির নিদর্শন।

॥১॥ বক্ষোদেশের যে দীর্ঘাস্থি সে ঊর্দ্ধভাগাবধি অধোভাগ পর্য্যন্ত যায় এবং তাহাতে পর্শুকা এবং জত্রু সংযুক্ত থাকে ব্যবচ্ছেদকেরা সে অস্থির বুকাস্থিসংজ্ঞা করিয়াছেন।

॥২॥ ঐ বুকাস্থি বাল্যাবস্থায় উপাস্থিতে সংযুক্ত অনেক অস্থিতে নির্ম্মিত কিন্তু বার্দ্ধক্যে ঐ সকল উপাস্থি অস্থিত্ব প্রাপ্ত হয় তাহাতে কখনং ঐ বুকাস্থি ত্রিখণ্ডেতে এবং কখনং এক খণ্ডেতে নির্ম্মিত। কিন্তু সেই যাহা হউক ব্যবচ্ছেদকেরা প্রায় সর্ব্বদা ঐ বুকাস্থিকে খণ্ডত্রয় করিয়া নির্ণয় করিয়াছেন বিশেষতঃ তদূর্দ্ধখণ্ড ঐ ঊর্দ্ধখণ্ড প্রশস্ত এবং স্থূল এবং খর্ব্ব। তৎপরে মধ্যখণ্ড তাহা ঊর্দ্ধ খণ্ডাপেক্ষা পাতল এবং ঈষৎপ্রশস্ত এবং দীর্ঘতর। অপর ঐ মধ্যাস্থির অধঃখণ্ড করবালাকৃতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা ঐ খণ্ডের করবাল সংজ্ঞা করিয়াছেন যেহেতুক বাল্যাবস্থায় ঐ খণ্ড করবালবৎ এবং উপাস্থিভাবে থাকে।

॥৩॥ ইহার পূর্ব্বে কহিয়াছি যে ঐ বুকাস্থি উভয়পার্শ্বে জত্রু সহিত সংযুক্ত তদ্ভিন্নও ঐ বুকাস্থি যথার্থনামক পর্শুকা চতুর্দ্দশের

সহিত সংযুক্ত অর্থাৎ দক্ষিণপার্শ্বে সপ্ত এবং বামপার্শ্বে সপ্ত এই চতুর্দ্দশ।

—০—

## অষ্টত্রিংশত্তম প্রকরণ।

### পর্শুকার নিদর্শন।

॥১॥ পর্শুকাসমস্ত ধনুরাকৃতি এবং ঐ পর্শুকাদ্বারা বক্ষোদেশের পার্শ্ব নির্ম্মিত হয় ঐ পর্শুকা এক২ পার্শ্বে দ্বাদশ করিয়া আছে এবং চিকিৎসকেরা ঐ পর্শুকাসকলের যথার্থ এবং অযথার্থপর্শুকা সংজ্ঞা করিয়াছেন। ঐ পর্শুকার মধ্যে যে২ ঊর্দ্ধস্থ সপ্তপর্শুকা বুকাস্থির সহিত সংযুক্ত সেই সকলের যথার্থ পর্শুকাসংজ্ঞা করিয়াছেন এবং অধঃস্থ এবং বুকাস্থির সহিত অসংযুক্ত অন্য পঞ্চ২ পর্শুকার অযথার্থ পর্শুকাসংজ্ঞা করিয়াছেন।

॥২॥ ঐ প্রত্যেক পর্শুকার অন্তঃপৃষ্ঠে এবং অধোভাগে রক্তপ্রবাহকনাড়ীর এবং রক্তাবাহকনাড়ীর এবং শিরার গ্রহণার্থক এক অবট দেখা যায়।

॥৩॥ পর্শুকার তাবদ্দ্বাঘিমাতে ঐ পর্শুকা সমস্ত অস্থিদ্রব্যেতে নির্ম্মিত নয় কিন্তু পুরোভাগে উপাস্থিতে নির্ম্মিত এবং ঐ পর্শুকা কশেরুকার আবর্ত্তকাস্থির সহিত এবং বুকাস্থির সহিত সংযুক্ত। প্রায় প্রত্যেক পর্শুকার তৎপশ্চাদ্ভাগে প্রবর্দ্ধনদ্বয় আছে ঐ প্রবর্দ্ধনের মধ্যে যে প্রবর্দ্ধনদ্বারা পর্শুকা কশেরুকাবর্ত্তকাস্থিদ্বয়ের সহিত সংযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার পর্শুকামুণ্ড নাম রাখিয়াছেন কিন্তু অন্য যে প্রবর্দ্ধন তাহার তদ্গুটিকাসংজ্ঞা করিয়াছেন ঐ গুটিকাদ্বারা

পর্শুকা ঐ আবর্ত্তকাস্থিদ্বয়ের অধ আবর্ত্তকাস্থির তের্য্যোপ্রবর্দ্ধনের সহিত সংযুক্তা । প্রথম পর্শুকার পশ্চাদ্ভাগ কশেরুকার আবর্ত্তকাস্থিদ্বয়ের সহিত সংযুক্ত নয় কিন্তু কেবল পৃষ্ঠদেশের প্রথমাবর্ত্তকাস্থির ঊর্দ্ধ্ব ভাগের সহিত সংযুক্ত । অপর ঐ ঊর্দ্ধ্বস্থিত সপ্ত পর্শুকা অর্থাৎ যথার্থ পর্শুকা তাহারা স্বস্বোপাস্থিদ্বারা পুরোভাগে বুকাস্থির সহিত সংযুক্ত কিন্তু অযথার্থ পর্শুকাসকল অন্যরূপে আবর্ত্তকাস্থির সহিত সংযুক্ত হয় বিশেষতঃ অষ্টম পর্শুকা অর্থাৎ ঐ অযথার্থ পর্শুকার মধ্যে প্রথমপর্শুকা স্বোপাস্থিতে সপ্তমপর্শুকার সহিত সংযুক্ত এবং ঐ ক্রমে নবমপর্শুকা স্বোপাস্থিতে অষ্টম পর্শুকার সহিত সংযুক্ত ইত্যাদি ।

॥ ৪ ॥ অপর অধঃস্থ যে পর্শুকাদ্বয় সে অন্য পর্শুকার মত নয় ঐ পর্শুকাদ্বয়ের এইং বিশেষ যে তাহারা কেবল কশেরুকার আবর্ত্তকাস্থি গাত্রভাগের সহিত সংযুক্ত কিন্তু ঐ আবর্ত্তকাস্থির তের্য্যোপ্রবর্দ্ধনের সহিত নয় এবং পুরোভাগে ঐ পর্শুকার উপাস্থি শ্লথরূপে থাকে এবং অন্য পর্শুকার উপাস্থির সহিত সংযুক্ত নয় । ঐ পর্শুকার উপাস্থির শ্লথরূপে থাকার এইং কারণ অনুমেয় হয় যে কশেরুকার ক্রীড়ার প্রধানস্থান কট্যাবর্ত্তকাস্থিতে কেবল নয় কিন্তু পৃষ্ঠাবর্ত্ত কার অধঃস্থ আবর্ত্তকাস্থিদ্বয়েতেও আছে তাহাতে ঐ অধঃস্থ পর্শুকাদ্বয় অন্য পর্শুকার মত যদ্যপি পুরোভাগে বদ্ধ হইত এবং ঐ দুই পর্শুকা যদ্যপি অন্য পর্শুকার মত কশেরুকার আবর্ত্তকাস্থিদ্বয়েতে এবং তদাবর্ত্তকাস্থির তের্য্যোপ্রবর্দ্ধনের সহিত সংযুক্ত হইত তবে কশেরুকার অধঃস্থ আবর্ত্তকাস্থিদ্বয়ের এবং তাহাতে করিয়া তাবৎকশেরুকার ক্রীড়নশক্তিনিবারণ হইত ।

॥৫॥ ঐ পর্শুকাতে বুক্কদেশ নির্ম্মিত এবং ঐ পর্শুকাতে অনেক মাংসপেশী বদ্ধ হয় এবং ঐ পর্শুকাতে নিঃশ্বাস এবং প্রশ্বাসের উপকার হয় এবং তদ্দ্বারা হৃৎপিণ্ড এবং পুষ্ফুস সুরক্ষিত হয়।

## তৃতীয়াধ্যায়ের তৃতীয় পর্ব্ব।

### ঊনচত্বারিংশত্তম প্রকরণ।

বস্ত্যস্থির নিদর্শন।

॥১॥ বস্ত্যস্থির মধ্যে ব্যবচ্ছেদকেরা এইং অস্থি গণনা করিয়াছেন বিশেষতঃ কশেরুকামূল এবং ত্রিক এবং শ্রোণিফলকাস্থিদ্বয়। পূর্ব্বকথিত অস্থিদ্বয় কশেরুকাস্থির সহিত সংযুক্ত অতএব কশেরুকাস্থির প্রকরণে তদ্ব্যাখ্যা করিয়াছি।

॥২॥ বাল্যাবস্থায় শ্রোণীফলকাস্থি খণ্ডত্রয়েতে নির্ম্মিত কিন্তু বার্দ্ধক্যে তন্মধ্যস্থিত উপাস্থি উত্তরোত্তর অস্থিত্বপ্রাপ্ত হইয়া পৃথকং খণ্ডের চিহ্ন লুপ্ত হইলে ঐ অস্থি কেবল এক অসমানাস্থিরূপে কৃত হ[illegible] তথাপিও ব্যবচ্ছেদকেরা পুরাতন ব্যবচ্ছেদকেরদের রীত্যনুসারে ঐ খণ্ডত্রয়ের বিশেষং করিয়া নির্ণয় করিয়াছেন। ঐ ধারা ধরিয়া এই স্থানে ঐ খণ্ডত্রয়ের বিশেষং করিয়া নির্ণয় করি বিশেষতঃ শ্রোণীফলকাস্থিতে কটিখণ্ড এবং বংক্ষণখণ্ড এবং উপস্থখণ্ড আছে ঐ খণ্ডত্রয়ের মধ্যে কটিখণ্ড অন্যখণ্ডদ্বয়াপেক্ষা অতি